



কলকাতাসহ গোটা দক্ষিণবঙ্গে আপাতত বিরাজ করবে গরম, পশ্চিমের জেলাগুলিতে চলবে তাপপ্রবাহ। কোথাও কোথাও থাকবে আর্দ্রতাজনিত অস্বস্তিও। ...বিস্তারিত পাতা ৩



পঞ্চায়েত নির্বাচনের মনোনয়ন শেষ হতে না হতেই ভাঙন শুরু তৃণমূলে। শুক্রবার তৃণমূল ছেড়ে সিপিএমে যোগ দিলেন ইন্দ্রপুর গ্রামের কয়েকশো কর্মী সমর্থক। ...বিস্তারিত পাতা ৫



মণিপুরের আইন-শৃঙ্খলা একেবারে ভেঙে পড়েছে বলে যে সংবাদ ছড়িয়ে তা সম্পূর্ণ রূপে মেনে নিলেন কেন্দ্রীয় মন্ত্রী আর কে রঞ্জন সিং। ...বিস্তারিত পাতা ৬



কার হাতে উঠবে এ বারের ব্যালন ডি’অর? আপাতত এই প্রশ্ন ঘুরছে ফুটবলপ্রেমীদের মনে। আগামী ৩০ অক্টোবর প্যারিসে ব্যালন ডি’অর কার হাতে উঠবে?...বিস্তারিত পাতা ৮

পার্টির সঙ্গে বেইমানি করলে বরদাস্ত নয় অভিষেক

দুরন্ত বার্তা, কাকদ্বীপ, ১৬ জুনঃ নবজোয়ার কর্মসূচির শেষে বিরোধী দলগুলিকে কটাক্ষ করলেন তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। সেই সঙ্গে গৌজ প্রার্থীদের সতর্ক করলেন তিনি। এদিন অভিষেক বলেন, “তৃণমূলের নবজোয়ার কর্মসূচির আজ শেষ দিন। কোচবিহারের বামনহাট থেকে শুরু করেছিলাম, কাকদ্বীপে শেষ করছি। ৬০ দিন ধরে এই কর্মসূচি চলল। দুমাস রাস্তায় থাকব তা বলেছিলাম। অনেক রাজনৈতিক দলের নেতা, মুখপাত্র ব্যঙ্গ বিক্রম করেছিল। বলেছিল আমি চার দিন করতে পারব না। সিবিআই দিয়ে ভেবেছিল আমাদের এই জনসংযোগ যাত্রা বন্ধ করবে। দেখা গেল মানুষের ঢল বেড়েছে।”



অভিষেক আরও বলেন, “কোথাও কোথাও নির্দল বলে যদি দাঁড়িয়ে থাকে, তাদের উদ্দেশ্য নিয়ে বলছি, যারা বেইমানি করছে তাদের দলে নেওয়া হবে না। দলের শৃঙ্খলার উপরে আপনিও নন, আমিও নই।” তিনি বলেন, “নবজোয়ার আর নবজোয়ার নেই। এটা জনজোয়ারে পরিণত হয়েছে। আমার উপলব্ধি হল, গুরুজনেরা বলত প্রকৃতি সর্বশক্তিমান। আমার ৬০ দিনের উপলব্ধি হল, মানুষ হল প্রকৃতির চেয়েও সর্বশক্তিমান। অনেক রাজনৈতিক কর্মসূচিতে অংশ নিয়েছি। কিন্তু সাধারণ মানুষ যেভাবে রাস্তায় নেমেছে তাতে আগামী ৫০ বছর তৃণমূল কংগ্রেস থাকবে। ৬০ দিন আগের অভিষেক, আর ৬০ দিন পরের অভিষেক অনেক আলাদা। আমার দৃষ্টিভঙ্গি বদলে গেছে।” অভিষেকের কথায়, “৪০৭৮ কিমি পথ এই ৬০ দিনে আমি অতিক্রম করেছি। হাতে জোড়ামূলের পতাকা নিয়ে হেঁটেছি, অস্ত্র হাতে নিয়ে হাটিনি। আমি মন্দির সমাজদে গিয়ে মানুষের জন্য প্রার্থনা করেছি। ধর্মের নামে রাজনীতি করিনি। আমি রক্তদান করেছি, রক্ত নিয়ে দাঙ্গা করিনি। যারা বলত গণতন্ত্র নেই বাংলায়। তারা জেনে রাখুন।” বিরোধী শিবিরের উদ্দেশ্যে অভিষেক বলেন, “সিপিএম পরিকল্পিত ভাবে সন্ত্রাসকে মজাগাত করেছিল। জেলা পরিয়ে দে ১০০ মনোনয়ন হয়েছে। আমরা অধিকার হরণ করিনি, ফেরত দিয়েছি। সিপিএম, বিজেপি বলতে পারবে না, তাদের মনোনয়ন জমা পড়েনা। আমরা কথা দিলে কথা রাখি।”

‘টোন-টিটকির করে কেন, লড়াই হোক রাজনৈতিকভাবে’

দুরন্ত বার্তা, কলকাতা, ১৬ জুনঃ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের একটি ভিডিও শেয়ার করে বিজেপির মুখপাত্র অমিত মালবার টুইট। এই ঘটনার তীব্র সমালোচনা করলেন কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। ফিরহাদের মন্তব্য, যে চোর হয়, তার সবাইকেই চোর বলে মনে হয়। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নবজোয়ার কর্মসূচি চলাকালীন ‘চোর, চোর’ স্লোগান দেওয়া হয় বলে একটি ভিডিও শেয়ার করেন। এই ভিডিওর সত্যতা যাচাই করেনি দুরন্ত বার্তা। তবে ভিডিয়োতে দেখা গিয়েছে, অভিষেক সেই চিংকার শুনে গাড়ি থেকে নেমে এলে পালিয়ে যায় ওই স্লোগানদাতারা। অমিত মালব্য তার টুইটে লেখেন, ‘বাংলার সুপার সিএমকে চোর বলে ডাকছে একজন। (যদিও এটা প্রথমবার নয়)। এরপরই তিনি গাড়ি থেকে নেমে নিরাপত্তারক্ষীদের নিয়ে ছুটে যান।’ শুক্রবার কর্মসূচিতে যোগ দিলে এই বিষয়ের তীব্র নিন্দা করেন ফিরহাদ। বলেন, “চোরো কে আতি হয় নজর সারে জার্মা চোর।” এক্ষেত্রে তিনি বলেন, রাজনৈতিকভাবে না পেরে ব্যক্তিগত কুৎসা করে পারের নীচে মাটি পাওয়ার চেষ্টা চলছে।

পঞ্চায়েতে কেন্দ্রীয় বাহিনী হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে রাজ্য ও কমিশন!



দুরন্ত বার্তা, কলকাতা, ১৬ জুনঃ কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের প্রশ্নে কলকাতা হাইকোর্টের রায় সরকারের পক্ষে না গেলে নবাব যে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হতে পারে, সেই সম্ভাবনার কথা বুধবারই লেখা হয়েছিল। বৃহস্পতিবার রায় ঘোষণার পর লেখা হয়েছিল, সুপ্রিম কোর্টে যাওয়ার প্রস্তুতি নিচ্ছে নবাব।

শুক্রবার সন্দের খবর, শুধু রাজ্য সরকার নয়। সুপ্রিম কোর্ট চ্যালেঞ্জ করে স্পেশাল লিট পিটিশন দাখিল করতে চলেছে রাজ্য নির্বাচন কমিশনও। পঞ্চায়েত ভোটে সব জেলায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের ব্যাপারে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানমের নেতৃত্বে ডিভিশন বেধ যে রায় দিয়েছে, তাকে চ্যালেঞ্জ করে অনলাইনে মামলা দায়েরের সিদ্ধান্ত নবাব ও রাজ্য নির্বাচন কমিশনের। কলকাতা হাইকোর্টের রায়ে এদিন স্পষ্ট বলা হয়েছে, কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের ব্যাপারে ৪৮ ঘণ্টার মধ্যে রাজ্য নির্বাচন কমিশনকে কেন্দ্রের কাছে রিকুইজিশন পাঠাতে হবে। সেই সময়সীমার আগেই সুপ্রিম কোর্টে আবেদন করতে চাইছে রাজ্য সরকার। যুক্ত হচ্ছে কমিশনও। কারণ রাজ্যের বক্তব্য হল, বাংলায় এমন পরিস্থিতি নেই যে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করে ভোট করতে হবে। শাসক শিবিরের বক্তব্য, এর আগে ত্রিপুরায় পঞ্চায়েত ভোটে দেখা গিয়েছে বিজেপির সন্ত্রাসের কারণে সিংহভাগ আসনে বিরোধীরা মনোনয়নই পেশ করতে পারেনি। তার পরেও সেখানে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়নি। কারণ, রাজ্য সরকারের মূল্যায়নকে প্রধান দেওয়া হয়েছিল। পঞ্চায়েত ভোটের আগে রাজ্য সরকার আইনশৃঙ্খলা পরিস্থিতির যে মূল্যায়ন করেছে, তাতে কোথাও বলা হয়নি যে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করতে হবে। তাৎপর্যপূর্ণ হল, হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ করে রাজ্য সরকার সুপ্রিম কোর্টে গেলে তাদের যাতে মামলার পক্ষ করা হয় সেজনা বৃহস্পতিবারই ক্যাডিয়েট দাখিল করে রেখেছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। শুক্রবার একই পথে হেঁটে পৃথক ক্যাডিয়েট দাখিল করেছেন মালদহ দক্ষিণের কংগ্রেস সাংসদ আবু হাসেম খান চৌধুরী।

অশান্ত ভাঙড়ে পৌঁছে স্থানীয়দের সঙ্গে কথা রাজ্যপালের, দোষীদের বিরুদ্ধে কড়া ব্যবস্থার আশ্বাস



দুরন্ত বার্তা, ভাঙড়, ১৬ জুনঃ অশান্ত ভাঙড়ে পৌঁছলেন রাজ্যপাল সিডি আনন্দ বোস। হেঁটে ঘুরে দেখলেন বিজয়গঞ্জ বাজার এলাকা। কথা বললেন স্থানীয় মানুষদের সঙ্গে। প্রশাসনিক অধিকারিকদের সঙ্গে কথা বলেও ঘটনাপ্রবাহ বোঝার চেষ্টা করেন তিনি। বৃহস্পতিবার প্রায় সারাদিনই শিরোনামে ছিল ভাঙড়। মনোনয়নপত্র জমা দেওয়ার শেষদিনে বলি বন তিনজন। দিনভর মুভিড্রাকির মতো বোমাবাজি চলল। চলে গুলিও। সেই সন্ত্রাস কবলিত ভাঙড় পরিদর্শনে আসবেন বলে বৃহস্পতিবারই ইন্দির দিয়েছিলেন রাজ্যপাল। কলকাতায় ছিলেন না তিনি। বৃহস্পতিবারই দমদম বিমানবন্দরে নেমে মনোনয়ন জমা দেওয়ার কেন্দ্র করে যে সন্ত্রাসের পরিবেশ সৃষ্টি হয়েছে রাজ্যে তা নিয়ে উল্লেখ প্রকাশ করেন। শুক্রবার বেলা সাড়ে এগারোটা নাগাদ ভাঙড়ে পৌঁছন তিনি। রাজ্যপালের সফরের জন্য কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয় বিজয়গঞ্জ বাজার এলাকায়। গাড়ি থেকে নেমেই বাজার এলাকা ঘুরে দেখেন তিনি। বাজারের ব্যবসায়ীরা রাজ্যপালের কাছে ক্ষোভ উগরে দেন। এলাকার বাসিন্দাদের সঙ্গেও কথা বলেন। পরে ভাঙড় ২ নম্বর ব্লক অফিসে গিয়ে বিভিন্ন কার্তিক চন্দ্র রায়ের সঙ্গে প্রায় ১০ মিনিট পরিস্থিতি নিয়ে কথা বলেন তিনি। কী কারণে পরিস্থিতি নিয়ন্ত্রণ করা গেল না, বিভিন্ন কেসেই প্রশ্ন করেন রাজ্যপাল। কী কী ব্যবস্থা নেওয়া হয়েছিল সেই প্রশ্নও করেন করেন তিনি। বিভিন্ন ছাড়াও পুলিশ প্রশাসনের অন্য অধিকারিকদের সঙ্গেও কথা বলেন। দোষীদের বিরুদ্ধে যে কড়া ব্যবস্থা নিতে হবে সেই মনোভাবও স্পষ্ট করেন তিনি। বেশ কিছুক্ষণ ভাঙড়ের বিভিন্ন অফিসে কাটিয়ে ভাঙড় কলেজ যান রাজ্যপাল। এখানেই রাজ্যপালের অপেক্ষায় ছিলেন আইএসএফের কর্মী-সমর্থকরা। ভাঙড় ১ ব্লকে তাদের কোনও প্রার্থী মনোনয়ন জমা দিতে পারেনি বলে রাজ্যপালের কাছে অভিযোগ জানাতে থাকেন তাঁরা। তাঁরা অনেকেই মনোনয়নের জন্য কাজজপত্রও নিয়ে আসেন। কার্কে থানার জীবনতলা থেকে দুষ্কৃতীদের নিয়ে এসে তৃণমূল হামলা চালিয়েছে বলে রাজ্যপালের কাছে অভিযোগ জানান আইএসএফের কর্মী সমর্থকরা। ভাঙড়ে পৌঁছে সমস্তস্তরের মানুষ ও প্রশাসনের অধিকারিকদের সঙ্গে কথা বলার পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে রাজ্যপাল জানান, সাংবিধানিকভাবেই নির্ভুল করতে হবে হিংসাকে। তিনি বলেন, “অনভিপ্রেত ঘটনা ঘটেছে ভাঙড়ে। বোমাবাজির চিহ্ন রয়ে গেছে এখনও। কোনও হিংসা বরদাস্ত করা হবে না। বাংলার মানুষ যাতে নির্বিঘ্নে ভোট দিতে পারেন তা নিশ্চিত করতে হবে।”

শুরুতে পিছিয়েও শেষ ল্যাপে মনোনয়ন পেশে বাজিমাতে তৃণমূলের! পিছিয়ে বিজেপি-বাম-কংগ্রেস

দুরন্ত বার্তা, কলকাতা, ১৬ জুনঃ রাজ্যে পঞ্চায়েত নির্বাচন আগামী ৮ জুলাই। গত শুক্রবার (৯ জুন) থেকে চলছিল মনোনয়নপত্র জমা দেওয়ার পর্ব। রাজ্য নির্বাচন কমিশনের দেওয়া হিসাব অনুযায়ী, চতুর্থ দিন পর্যন্ত মনোনয়ন জমা দেওয়ার নিরিখে বাকিদের পিছনে ফেলে দিয়েছিল বিজেপি। দ্বিতীয় স্থানে ছিল সিপিএম। অনেকটা পিছিয়ে ছিল তৃণমূল। কিন্তু মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন অর্থাৎ ১৫ জুন পর্যন্ত যে হিসেব রাজ্য নির্বাচন কমিশন সূত্রে পাওয়া যাচ্ছে, তাতে বাকিদের পিছনে ফেলে দিল রাজ্যের শাসক দল। পঞ্চায়েতের তিন স্তরে গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ) মনোনয়ন জমা দেওয়ায় বাকিদের চেয়ে অনেকটাই এগিয়ে তৃণমূল। কমিশন সূত্রে যে হিসেব এসেছে, তা অনুযায়ী, গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে বিজেপি মনোনয়ন জমা করেছে

৪৬৩৮১টি, সিপিআইএম জমা দিয়েছে ৪০৪২১টি, কংগ্রেস দিয়েছে ১৪২০৫টি, নির্দলদের তরফে জমা করা হয়েছে ১৩১৫৭টি মনোনয়ন, আর বাকিদের পিছনে ফেলে



অনেকটা এগিয়ে তৃণমূল জমা করেছে ৭৩২১১টি মনোনয়ন। অপরদিকে, পঞ্চায়েত সমিতিতে বিজেপি জমা করেছে ৮৮৮২টি মনোনয়ন, সিপিআইএম জমা করেছে ৭৩৮৬টি মনোনয়ন, কংগ্রেস দিয়েছে ২৮০৪টি মনোনয়ন, নির্দল তরফে জমা করা হয়েছে ২৭২৯টি মনোনয়ন আর তৃণমূল জমা

করেছে ১১৫২৭টি মনোনয়ন। একই চিত্র জেলা পরিষদের মনোনয়ন পত্র জমা দেওয়ার ক্ষেত্রেও বিজেপি জমা করেছে ১০৫৮টি মনোনয়ন, সিপিআইএম জমা করেছে ৮৬৪৪টি মনোনয়ন, কংগ্রেস জমা করেছে ৭৪১টি জেলা পরিষদের মনোনয়ন পত্র জমা দেওয়ার ক্ষেত্রেও বিজেপি জমা করেছে ১০৫৮টি মনোনয়ন। অর্থাৎ জেলা পরিষদে সব দল মিলিয়ে মোট ২৮০৪টি মনোনয়ন, নির্দল তরফে জমা করা সমিতিতে মোট মনোনয়ন জমা পড়েছে

৩৫৪৪৫, গ্রাম পঞ্চায়েতে সেখানে মোট ১১৬০৮৭টি মনোনয়ন জমা পড়েছে। তিনটি স্তর মিলিয়ে বিজেপির যেখানে মনোনয়ন পত্র জমা পড়েছে ৫৬৩২১টি, সিপিআইএম-এর তরফে মনোনয়ন পত্র জমা পড়েছে ৪৮৬৪৬টি, কংগ্রেসের তরফে ১৭৭৫০টি, নির্দল তরফে ১৬২৯৬টি, সেখানে শাসক তৃণমূলের ক্ষেত্রে সেই মনোনয়ন পত্রের সংখ্যা মোট ৮৫৮১৭টি। অর্থাৎ, স্পষ্টভাবেই বোঝা যাচ্ছে, মনোনয়ন পত্র পেশের নিরিখে নিকটতম বিজেপির থেকে প্রায় ২০ হাজার মনোনয়ন পত্র বেশি জমা করেছে রাজ্যের শাসক দল। ফলে ভোটের আগেই বহু এগিয়ে থেকেই যে তৃণমূল পঞ্চায়েতের লড়াইয়ে নামছে তা বলাই বাহুল্য। প্রসঙ্গত, রাজ্যে মোট গ্রাম পঞ্চায়েতের সংখ্যা ৩,৩১৭টি, পঞ্চায়েত সমিতি ৩৪১টি এবং জেলা পরিষদের সংখ্যা ২০টি। মোট ভোটার ৫ কোটি ৬৭ লক্ষ ২১ হাজার ২৬৪।

৩৫৪৪৫, গ্রাম পঞ্চায়েতে সেখানে মোট ১১৬০৮৭টি মনোনয়ন জমা পড়েছে। তিনটি স্তর মিলিয়ে বিজেপির যেখানে মনোনয়ন পত্র জমা পড়েছে ৫৬৩২১টি, সিপিআইএম-এর তরফে মনোনয়ন পত্র জমা পড়েছে ৪৮৬৪৬টি, কংগ্রেসের তরফে ১৭৭৫০টি, নির্দল তরফে ১৬২৯৬টি, সেখানে শাসক তৃণমূলের ক্ষেত্রে সেই মনোনয়ন পত্রের সংখ্যা মোট ৮৫৮১৭টি। অর্থাৎ, স্পষ্টভাবেই বোঝা যাচ্ছে, মনোনয়ন পত্র পেশের নিরিখে নিকটতম বিজেপির থেকে প্রায় ২০ হাজার মনোনয়ন পত্র বেশি জমা করেছে রাজ্যের শাসক দল। ফলে ভোটের আগেই বহু এগিয়ে থেকেই যে তৃণমূল পঞ্চায়েতের লড়াইয়ে নামছে তা বলাই বাহুল্য। প্রসঙ্গত, রাজ্যে মোট গ্রাম পঞ্চায়েতের সংখ্যা ৩,৩১৭টি, পঞ্চায়েত সমিতি ৩৪১টি এবং জেলা পরিষদের সংখ্যা ২০টি। মোট ভোটার ৫ কোটি ৬৭ লক্ষ ২১ হাজার ২৬৪।

এটা কী হচ্ছে! পুলিশ নিরাপত্তা দিতে ব্যর্থ বিচারপতি মান্ধা

দুরন্ত বার্তা, কলকাতা, ১৬ জুনঃ পুলিশ নিরাপত্তা দিয়ে নিয়ে যাচ্ছিল, সেই সব প্রার্থীদের লক্ষ্য করেই চলল গুলি! আদালতের নির্দেশ থাকা সত্ত্বেও কেন্দ্র নিরাপত্তার অভাবে মনোনয়ন জমা দিতে পারলেন না প্রার্থীরা? ভাঙড়ের ঘটনায় পুলিশের উপর রীতিমতো অসন্তোষ প্রকাশ করলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি রাজশেখর মান্ধা। বৃহস্পতিবারের অশান্তির পরও ভাঙড় থানায় এফআইআর হল না কেন, সেই প্রশ্নও তুলেছেন বিচারপতি। নিরাপত্তার দায়িত্বে থাকা পুলিশ অফিসারদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ করা হবে না কেন, তা নিয়ে রাজ্যের কাছে রিপোর্ট তলব করল হাইকোর্ট। আগামী সোমবার রয়েছে মামলার পরবর্তী শুনানি। বৃহস্পতিবারই বিচারপতি মান্ধা নির্দেশ দিয়েছিলেন, যেখানে প্রার্থীরা মনোনয়ন জমা দিতে পারেননি, সেখানে পুলিশকে এসকট করে নিয়ে যেতে হবে। তারপরও বসিরহাট, ভাঙড়ে প্রার্থীরা মনোনয়ন দিতে পারেনি বলে অভিযোগ। শুক্রবার এই মামলার শুনানি চলাকালীন বিচারপতি মান্ধা বলেন, “এমন ঘটনা ঘটলে, তার তদন্ত করে পদক্ষেপ করতে হবে।” বিচারপতি মন্তব্য করেছেন, “আশা ছিল ভাঙড় থানায় অন্তত একটা এফআইআর হবে। অথচ এটা কী হচ্ছে! কোর্টের নির্দেশে মনোনয়ন দিতে যাচ্ছিলেন প্রার্থীরা। পুলিশ তাদের নিরাপত্তা দিতে ব্যর্থ।” এদিন আদালতে আইনজীবী বিকাশ উদ্যচার্য অভিযোগ করেন, বৃহস্পতিবার হাইকোর্টের নির্দেশের পর ভাঙড়ে মনোনয়ন জমা দিতে যাওয়ার সময় পুলিশের সামনেই গুলিতে খুন হন একজন। আরও কয়েকজন আক্রান্ত হয়েছেন।

কানাডায় বাস-ট্রাক সংঘর্ষে নিহত ১৫, আহত ১০

ওট্টোয়া, ১৬ জুন : কানাডায় বাস ও ট্রাকের মধ্যমুখি সংঘর্ষে অন্তত ১৫ জন নিহত হয়েছেন। এদের মধ্যে বেশিরভাগই বয়স্ক ছিলেন। এছাড়া দুর্ঘটনার আহত হয়েছেন কমপক্ষে ১০ জন। স্থানীয় সময় বৃহস্পতিবার ম্যানিটোবা প্রদেশে এ দুর্ঘটনা ঘটে।উইনিপেগ থেকে ১৭০ কিলোমিটার পশ্চিমে দক্ষিণ-পশ্চিম ম্যানিটোবার কারবেরি শহরের কাছে দুটি বড় রাস্তার সংযোগস্থলে দুর্ঘটনাটি ঘটে। বাসের যাত্রীরা কারবেরির একটি ক্যাসিনোতে যাচ্ছিলেন।ম্যানিটোবা র‍য়্যাল কানাডিয়ান মাউন্টেড পুলিশ কমান্ডার সহকারী কমিশনার রন হিল বলেছেন, এই সংঘর্ষের কমপক্ষে ১৫ জনের মৃত্যুর বিষয় নিশ্চিত হওয়া গেছে। এক টেলিভিশন সংবাদ সম্মেলনে হিল বলেছেন, এটি দুঃখজনক। ম্যানিটোবা এবং কানাডা জুড়ে এই দিনটি অবিশ্বাস্য ডুঃখ হিসেবে স্মরণ করা হবে।দুর্ঘটনার খবর পাওয়ার পর বৃহস্পতিবার স্থানীয় সময় বেলা ১১টা ৪৩ মিনিটে একটি এয়ার অ্যাম্বুলেন্সসহ ১২টি অ্যাম্বুলেন্স ও অন্যান্য জরুরি যানবাহন ঘটনাস্থলে পাঠানো হয়।বাসটিতে প্রায় ২৫ জন ছিলেন। ১০ জনকে হাসপাতালে চিকিসা দেওয়া হচ্ছে বলে জানিয়েছে পুলিশ। পুলিশ আরও জানায়, উভয় গাড়ির চালক জীবিত। দুর্ঘটনার জন্য কে দায়ী, তা বলতে অস্বীকার করেছে তারা।টুইট বার্তায় দেশটির প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো বলেন, ‘ আজ প্রিয়জন হারিয়েছেন, তাদের প্রতি গভীর সমবেদনা। আহতরা আমার ভাবনায় আছেন। তারা যে ব্যাঘ্র অনুভব করছেন, তা আমি কল্পনা করতে পারছি না।

প্রবল বৃষ্টিতে ধসে যোগাযোগ বিচ্ছিন্ন লাচুং-লাচেনে রাস্তায়

সিকিম, ১৬ জুন : ভারী থেকে অতিভারী বৃষ্টির জেরে উত্তর সিকিমের গোগং এলাকায় ধস নেমে ১০ নম্বর জাতীয় সাক বন্ধ হয়ে গিয়েছে। শুক্রবার সকালে ধস নেমে জাতীয় সড়কের দু’দিকেই পর্যটকরা আটকে পড়েছেন বলে জানা গিয়েছে।ইতিমধ্যে তাদের নিরাপত্তা উদ্ধার করার জন্য চেষ্টা করা হচ্ছে বলে জানানো হয়েছে সিকিমের প্রশাসনের তরফে। সেই সঙ্গে ধস নেমেছে সিকিমের একাধিক জায়গায়। লাচুং, লাচেন সহ একাধিক জায়গা কার্যত যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গিয়েছে।সূত্রের খবর, প্রায় ২০০ জন যাত্রী এবং পর্যটক আটকে পা়েছেন ওই এলাকায়। প্রশাসনিক আধিকারিকরা জানান, ওই রাস্তার কতটা ক্ষতি হয়েছে তা এখনই বোঝা যাচ্ছে না। তবে, এই মুহূর্তে ওই রাস্তা দিয়ে কোনও রকম যানবাহন চলাচল করা ভীষণ রু্কিপূর্ণ। রাস্তা পরিষ্কার করে স্বাভাবিক করার চেষ্টা করা হচ্ছে। তবে ওই রাস্তায় যানবাহন চলাচল করতে কিছুটা সময় লাগবে।

ছাঁটই হওয়া গার্সিয়া কোচ হলেন নাপোলির নাপোলি, ১৬ জুনঃ আল নাসরেতে ক্রিস্টিয়ানো রোনাল্ডোর সঙ্গে মনোমালিন্য হওয়ার কারণে গত এপ্রিলে ছাঁটই হতে যা় রুডি গার্সিয়াকে। মাঝে এক মাস বসে থাকার পর নাপোলির কোচের দায়িত্ব নিচ্ছেন গার্সিয়া। লুসিয়ানো স্প্যালেন্ডির জায়গায় তাকে স্নেহ করেছেন সিরি ‘চ্যাম্পিয়ন নাপোলি। উল্লেখ্য,স্প্যালেডি নাপোলিকে ৩৩ বছর পর এবার ইতালির শীর্ষ লিগ জিতিয়ে কোচের দায়িত্ব ছেড়েছেন।কোচের দায়িত্ব নেওয়ার পর গার্সিয়া তার অনুভূতিসে কথা টুইটারের মাধ্যমে জানিয়েছেন। ভারতীয় সময় অনুযায়ী শুক্রবার ভোরেরতে তিনি টুইট করে জানান, ‘ দায়িত্ব নিয়ে ইতালিতে ফেরাটা খুব আনন্দে। এখন আমি বেশি প্রেরণা অনুভব করছি।’

বিড জমা দেওয়ার আগে বেশ কিছু নিয়ম চালু করল বিসিসিআই

মুম্বই, ১৬ জুন :এখন থেকে ভারতীয় দলের মূল স্পনসরের জন্য নিয়ম পোার জমা দিতে গেলে কিছু নিয়ম চালু করল বিসিসিআই। এই নিয়ে বিজ্ঞপ্তি জারি করে বিসিসিআই জানালো, বেটিং, ক্রিপ্টো, পর্ন, মদ- এই সংস্থাগুলি ভারতীয় দলের মূল স্পনসরস হতে পারবে না।রোহিহিত, কোহলিদের দলের প্রধান স্পনসরসমিগের দরপত্র জমা দেওয়ার জন্য বিজ্ঞপ্তি জারি করেছে বিসিসিআই। এর আগে ভারতীয় দলের স্পনসর ছিল বাইজুস। বাইজুসের সঙ্গে চুক্তি শেষ হয়েছে গত ৬১ মার্চ। তবে এই দরপত্র আবেদনের ক্ষেত্রে বিসিসিআই কিছু স্ট্রং রেখেছে। তাহেই জানিয়ে দিয়েছে কোন সংস্থা আবেদন করতে পারবে না।

২০-২৫ জুন আমেরিকা ও মিশর সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী, দুই দেশে একগুচ্ছ কর্মসূচি রয়েছে মোদীর

নয়াদিল্লি, ১৬ জুন : আগামী ২০-২৫ জুন আমেরিকা ও মিশর সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। দুই দেশে ভারতের প্রধানমন্ত্রীর একগুচ্ছ কর্মসূচি রয়েছে। প্রধানমন্ত্রীর এই সফর সম্পর্কে শুক্রবার প্রধানমন্ত্রী দফতর (পিএমও) জানিয়েছে, আমেরিকার প্রেসিডেন্ট জোসেফ বাইডেনে এবং ফার্স্ট লেডি উষ্ট্রর জিল বাইডেনের আমন্ত্রণে প্রধানমন্ত্রী মোদি আমেরিকা সফরে যাবেন। নিউইয়র্ক থেকে এই সফর শুরু হবে, সেখানে ২১ জুন রাষ্ট্রসংঘের সদর দফতরে আন্তর্জাতিক যোগ দিবস

উদযাপনের নেতৃত্ব দেবেন প্রধানমন্ত্রী মোদি।পিএমও আরও জানিয়েছে, এরপর ২৩ জুন, আমেরিকার ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস এবং মার্কিন সেক্রেটারি অফ স্টেট অ্যান্টনি ব্লিনকেন যৌথভাবে প্রধানমন্ত্রী মোদীর জন্য মধ্যাহ্নভোজের আয়োজন করবেন। শীর্ষস্থানীয় সিইও, পেশাদার এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সঙ্গে প্রধানমন্ত্রীর বেশ কয়েকটি কিউরেটেড ইন্টারঅ্যাকশন হওয়ার কথা রয়েছে। তিনি প্রবাসী ভারতীয়দের সঙ্গেও মিলিত হবেন।প্রধানমন্ত্রী মোদি পরবর্তীতে ২৪-২৫ জুন মিশরে রাষ্ট্ীয় সফরের জন্য কায়রোতে যাবেন। মিশরের রাষ্ট্রপতি আবদেল ফাওয়াহ এল-সিসির আমন্ত্রণে তার এই সফর। এটিই হবে প্রধানমন্ত্রীর প্রথম মিশর সফর।

বিপর্যয়-এর তাণ্ডবে বিপর্যস্ত গুজরাট আহত ২২ জন, ৯৪০টি গ্রাম

আহমেদাবাদ, ১৬ জুন :ঘূর্ণিঝড় ‘বিপর্যয়’-এর তাণ্ডবে বিপর্যস্ত হয়ে পড়ল গুজরাট। গুজরাটে ঘূর্ণিঝড়ের তাণ্ডবে আহত হয়েছেন ২২ জন। রক্তের মোট ৯৪০টি গ্রাম অন্ধকারে নিমজ্জিত। গুজরাটের মোরবিতে প্রবল হাওয়ায় বৈদ্যুতিক তার ও খুঁটি ভেঙে গিয়েছে, যার ফলে মালিয়া তহসিলের ৪৫টি গ্রামে বিদ্যুৎ

নেই। ৯টি গ্রামে ইতিমধ্যেই বিদ্যু চালু হয়েছে, অবশিষ্ট গ্রামে বিদ্যুৎ চালুর কাজ শুরু হয়েছে।গুজরাটের নালিয়াতে উপড়ে পাড়ে অনেগুলি গাছ, এর ফলে সম্পত্তির ক্ষয়ক্ষতি হয়েছে। মান্ডবিতে শুক্রবার সকালেও প্রবল বেগে হাওয়া বইতে থাকে। বিদ্যুৎ দফতর জানিয়েছে, শুধুমাত্র মোরবিতে প্রায় ৬০০টি

ঘটনায় বিজেপির জাতীয় মুখপাত্র সৃধাংশু ত্রিবেদী বলেছেন, রবীন্দ্রসঙ্গীতের ভূমিতে এখন বোমা বিস্ফোরণের শব্দ শোনা যায়। রাজ্য

ভূমিকম্পে কেঁপে উঠল বাংলাদেশ তীব্রতা ৪.৫, কম্পন অনুভূত ভারতেও

ঢাকা, ১৬ জুন :মৃদু তীব্রতার ভূমিকম্পে কেঁপে উঠল বাংলাদেশের রাজধানী ঢাকা-সহ দেশের বিভিন্ন প্রান্ত।শুক্রবার (১৬ জুলাই) সকাল ১০.৪৬ মিনিট নাগাদ এই ভূমিকম্প অনুভূত হয়। হালকা ভূমিকম্পের উপস্থি্তুল সিলেটের গোলাপগঞ্জে রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল ৪.৫।প্রাথমিকভাবে ভূমিকম্পে কোনও ধরনের ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।এদিকে রাজধানী ঢাকা ছাড়াও সিলেট বিভাগের কয়েকটি জেলা থেকে ভূমিকম্প অনুভূত হওয়ার খবর পাওয়া গিয়েছে। সকালের দিকে অনুভূত এই ভূমিকম্পের উ পস্থি্তুল ছিল ভারতের মেঘালয় রাজ্যে। অসমের গুয়াহাটি-সহ উত্তর-পূর্বের বিভিন্ন প্রান্তে ভূকম্পন টের পাওয়া যায়। ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি জানিয়েছে, ভূমিকম্পের তীব্রতা ছিল ৪.৮।অন্যদিকে আগরতলায় সকালে অফিসের দরজা খুলতেই ভূমিকম্পে কেঁপে উঠল ত্রিপুরা, অসম, মণিপুর ও মিজোরাম।

ইন্ডিয়া ডায়ালগ সম্মেলনে প্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা পরিষদে আইএফসি দ্বারা পেশ হওয়া মৌলিক সাক্ষরতা

নয়াদিল্লি,১৬জুনঃপ্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান ডঃ বিবেক দেবরয় মৌলিক সাক্ষরতা এবং সংখ্যা পরিচিতি রিপোর্ট প্রকাশ করেন। স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট ফর কম্পিটিটিভনেস অ্যান্ড ইউএস-ইন্ডিয়া টেকনলজি ম্যানেজমেন্ট সেন্টার আয়োজিত দ্য ইন্ডিয়া ডায়ালগ-এ ২৩ ও ২৪ ফেব্রুয়ারি রিপোর্টটি প্রকাশ করা হবে। মৌলিক সাক্ষরতা এবং সংখ্যা পরিচিতি রিপোর্টের দ্বিতীয় সংস্করণে আলোকপাত করা হয়েছে যে প্রাথমিক সাক্ষরতা অর্জনের ক্ষেত্রে ভাষা হল একটি মূল প্রাতিষ্ঠানিক দক্ষতা ও গুরুত্বপূর্ণ দিকা। রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে শিশু-শিক্ষার সুযোগ এবং তার ফলাফল নিয়ে জাতীয় সাক্ষরতা সমীক্ষা (এনএএস) এবং ভিত্তিগত শিক্ষণ সমীক্ষা (বৃফএলএস), ২০২২ নিয়ে একটি বিশেষ অধ্যায় এই রিপোর্টে অন্তর্ভুক্ত হয়েছে। রাজ্য পরিচিতি এবং সীমান্ত থেকে তাদের দূরত্বের নিরিখে যোগ্যতা নির্ণয় ও

মৌলিক শিক্ষার ক্ষেত্রে রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির অগ্রগতির নিরিখ এতে জায়গা পেয়েছে।

মৌলিক সাক্ষরতা এবং সংখ্যা পরিচিতি রিপোর্টের দ্বিতীয় সংস্করণে শিক্ষার মাধ্যম হিসেবে ভাষার গুরুত্ব

তুলে ধরা হয়েছে। যথাযথ মূল্যায়ন এবং নির্দেশনামার মাধ্যমে শিক্ষার অগ্রগতি ও তার সাফল্যের ওপর আলোকপাত করা হয়েছে। শিশুদের দক্ষ পাঠক হয়ে উঠতে মৌলিক ধারণার দিকগুলি এতে প্রস্ফুটিত হয়েছে এবং বহু ভাষার পরিবেশের মধ্যে যে দূরবর্তী চ্যালেঞ্জের তারা সম্মুখীন হয়, তার ওপর আলোকপাত করা হয়েছে। মূলগতভাবে দেখানো হয়েছে যে শিশুদের পরিচিত ভাষায় শিক্ষাদান অনেক কার্যকরী এবং সফল উপায় বলে, মৌলিক সাক্ষরতা এবং সংখ্যা পরিচিতি দেশের স্বাস্থ্য ও আর্থিক সমৃদ্ধির সঙ্গে প্রত্যক্ষভাবে জাতি।ইউএসএআইডি-র ডেপুটি ইন্ডিয়া মিশন অধিকর্তা শ্রী কারেন কিমোক্ষি বলেন যে এই কর্মসূচিকে অর্থপূর্ণ করে তোলার ক্ষেত্রে সমাজে

উদ্যোগের ফলপ্রসূ দিক এই রিপোর্টের একটি পরিচ্ছদে স্পষ্টভাবে ব্যাখ্যা করা হয়েছে।২০২৬-২৭-এর মধ্যে সার্বিক মৌলিক শিক্ষা অর্জনের সাফল্যের ক্ষেত্রে রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির কাছে এই রিপোর্ট একটি মাপকাঠি হতে পারে।

প্রটির ভূমিকা, ডিজিটাল প্রযুক্তির সুযোগ এবং ভাষা-কেন্দ্রিক শিক্ষাদান পদ্ধতির বিভিন্ন দিক এই

রিপোর্টে উল্লেখ রয়েছে।এই রিপোর্টটি তৈরি করেছেন

ইনস্টিটিউট অফ কম্পিটিটিভনেস-এর কর্ণধার ডঃ অমিত কাপুর, গবেষক শ্রীমতী নাতালিয়া চাকমা

এবং ঐ প্রতষ্ঠানের রিসার্চ ম্যানেজার শিন মুসিরুম টু রিড-এর সিইও

শ্রীমতী গীতা মুরলী তাঁর মূল ভাষায় বলেন, মৌলিক সাক্ষরতা এবং

সংখ্যা পরিচিতি দেশের স্বাস্থ্য ও আর্থিক সমৃদ্ধির সঙ্গে প্রত্যক্ষভাবে

জাতি।ইউএসএআইডি-র ডেপুটি ইন্ডিয়া মিশন অধিকর্তা শ্রী কারেন

কিমোক্ষি বলেন যে এই কর্মসূচিকে অর্থপূর্ণ করে তোলার ক্ষেত্রে সমাজে

দীর্ঘস্থায়ী ভিত্তিতে তা কতখানি সুস্থায়ী প্রভাব বিস্তার করছে তার ওপর আলোকপাত করা দরকার।স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ের লেকচারার, ইনস্টিটিউট অফ কম্পিটিটিভনেস-এর চেয়ারম্যান ডঃ অমিত কাপুর বলেন, প্রত্যেক শিশুর ক্ষেত্রে সাক্ষরতা এবং সংখ্যা পরিচিতি প্রাথমিক শিক্ষার মূল ভিত্তি। তার কারণ, এগুলিই তাকে ভবিষ্যতে নগরিক হিসেবে গড়ে তোলবে।প্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান ডঃ বিবেক দেবরয় সমাপ্তি ভাষণে বলেন যে শিক্ষার চক্রব ক্ষেত্রে মৌলিক শিক্ষা একটি অঙ্গস্বরূপ। এই সমীক্ষার জন্য তিনি ইনস্টিটিউট অফ কম্পিটিটিভনেসের প্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা পরিষদের যুগ্ম সচিব পবন সাই, সেন্টার টুগোয়ার-এর সিইও এবং প্রতিষ্ঠাতা অরুন্ধুতি গুপ্তা এবং মোতওয়ানি জাদেজা ফিউডেশনের প্রতিষ্ঠাতা আশা জাদেজা অন্যদের মধ্যে অন্তর্ভানে উপস্থিত ছিলেন।

অন্ধকারে নিমজ্জিত

জানিয়েছে, ঘূর্ণিঝড় বিপর্যয় শুক্রবার ভোররাত ২.৬০ মিনিট নাগাদ নালিয়া থেকে ৬০ কিলোমিটার উত্তরে সৌরাষ্ট্র-কচ্ছ অঞ্চলের উপর কেন্দ্রীভূত ছিল। এটি উত্তর-পূর্ব দিকে অগ্রসর হয়ে দুর্বল হয়ে পড়েছে, দক্ষিণ রাজস্থানে একটি নিম্নচাপে পরিণত হবে সেটি।

জেডি (ইউ) বিধায়ক

সূমনের পদত্যাগের বিষয়ে বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার এদিন বলেছেন, আমি পদত্যাগ করে তাকে (জিতন রাম) মুখ্যমন্ত্রী করেছি, তিনি এখন কী বলছেন তা সবাই জানে। সবাই জানত যে, তিনি বিজেপির মানুষ।জনেদের সঙ্গে দেখা করছেন এবং তারপর আমাদের কাছেও আসতেন। যখন আমি তাঁদের (জিতন রাম এবং সন্তোষ কুমার সূমন) বললাম, নিজেদের দলকে আমাদের সঙ্গে একীভূত করতে অথবা আলাদা করতে, তখন তাঁরা আলাদা হওয়ার সিদ্ধান্ত নেয়


নির্বাচনী ইতিহাসে কালো অধ্যায়ঃ এস ত্রিবেদী

অসংবেদনশীল বলে আখ্যা দিয়েছেন তিনি। সৃধাংশু অভিযোগ করেছেন, পশ্চিমবঙ্গ সরকার ও পুলিশ যেভাবে কাজ করছে তা ভারতের গণতন্ত্র ও নির্বাচনের ইতিহাসে একটি কালো অধ্যায়।শুক্রবার দিল্লিতে একটি সাংবাদিক সম্মেলনে বিজেপি মুখপাত্র সৃধাংশু ত্রিবেদী আরও বলেছেন, পশ্চিমবঙ্গে বিজেপি কর্মীদের উপর মারাত্মক হামলা হয়েছে। রাজ্য সরকারকে

অনুভূত ভারতেও

কেঁপে উঠল দক্ষিণ প্রশান্ত মহাসাগরের দ্বীপরাষ্ট্র টোঙ্গা। শুক্রবার টোঙ্গার কাছে রিখটার স্কেলে ৭.২ মাত্রার একটি ভূমিকম্প আঘাত হেনেছে। তৃপ্ত থেকে ১৬৭ কিলোমিটার গভীরের এই ভূমিকম্পে কোনও সুনামি সতর্কতা নেই।ইউএসজিএস অনুসারে, ভূমিকম্পের কেন্দ্রস্থল ছিল টোঙ্গার প্রায় ২৮০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে তৃপ্ত থেকে ১৬৭ কিলোমিটার গভীরে।মার্কিন সুনামি সতর্কীকরণ ব্যবস্থা বলেছে, ভূমিকম্পের পর মার্কিন পশ্চিম উপকূল, ব্রিটিশ কলাম্বিয়া বা আলাস্কা সুনামির কোনো হুমকি নেই। অস্ট্রেলিয়ার ব্যুরো অব মেটিওরোলজিও জানিয়েছে, অস্ট্রেলিয়ার সুনামির কোনও হুমকি নেই। অন্যদিকে, ইউরোপীয় ভূমধ্যসাগরীয় সিসমোলজিক্যাল সেন্টার (ইএমএসসি) প্রাথমিকভাবে ফিজি দ্বীপপুঞ্জের দক্ষিণাঞ্চলের কাছে ৭ মাত্রার ভূমিকম্প হয়েছে বলে রিপোর্ট করেছে।

১৭ জুন জাতীয় জল পুরস্কার প্রদান করবেন উপ-রাষ্ট্রপতি, ১১টি বিভাগে পুরস্কৃত হবেন প্রাপকরা



নয়াদিল্লি, ১৬ জুন :উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় শনিবার, ১৭ জুন নতুন দিল্লিতে চতুর্থ জাতীয় জল পুরস্কার প্রদান করবেন। ১১টি বিভাগে ৪১ জন পুরস্কার প্রাপকের নাম ঘোষণা করেছে জলশক্তি মন্ত্রক। পুরস্কার হিসেবে দেওয়া হবে একটি স্মারক, শংসাপত্র এবং নগদ টাকা। তাঁদের হাতেই পুরস্কার তুলে দেবেন উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখা।কেন্দ্রীয় সরকারের ‘সমৃদ্ধ ভারত’ অভিযানের অঙ্গ হিসেবে জল সংরক্ষণে মানুষকে উসাহিত করতেই এই উদ্যোগ। জলের গুরুত্ব সম্পর্কে মানুষের মধ্যে সচেতনতা তৈরি করতে এবং জল ব্যবহারের সর্বোত্তম অনুশীলনগুলি গ্রহণ করতে মানুষকে অনুপ্রাণিত করার একটি প্রয়াস এটি।

উত্তর কাশ্মীরে নিকেশ ৫ পাক সন্ত্রাসবাদী, নিয়ন্ত্রণরেখা পেরিয়ে ভারতে অনুপ্রবেশের চেষ্টায় ছিল জঙ্গিরা

শ্রীনগর, ১৬ জুন : উত্তর কাশ্মীরের কুপওয়ারা জেলায় নিয়ন্ত্রণরেখার কাছে ৫ পাকিস্তানি জঙ্গিকে নিকেশ করল সুরক্ষা বাহিনী। কুপওয়ারা জেলার জুমাগন্দ এলাকার ঘটনা। নিয়ন্ত্রণরেখা পেরিয়ে ভারতীয় ভূখণ্ডে অনুপ্রবেশের চেষ্টা করছিল ওই সন্ত্রাসবাদীরা। কাশ্মীরের এডিজিপি বিজয় কুমার জানিয়েছেন, কুপওয়ারা জেলায় এককাউন্টারে মারা পড়েছে ৫ বিদেশি জঙ্গি। ওই এলাকায় এখনও তল্লাশি অভিযান জারি রয়েছে।শুক্রবার সকালে কাশ্মীর জেনা পুলিশ জানিয়েছে, বিশ্বস্ত সূত্রে খবর পাওয়া যায় কয়েকজন জঙ্গি কুপওয়ারা জেলার জুমাগন্দ এলাকা থেকে নিয়ন্ত্রণরেখা পেরিয়ে ভারতীয় ভূখণ্ডে অনুপ্রবেশের চেষ্টা করছে। সেই খবর পাওয়ার পর থেকেই সতর্ক হয়ে যায় সুরক্ষা বাহিনী। পুলিশ ও সেনাবাহিনীর যৌথ অভিযানে নিকেশ হয়েছে ৫ সন্ত্রাসবাদী। নিহত জঙ্গিদের নাম ও পরিচয় জানা না গেলেও, কাশ্মীরের এডিজিপি বিজয় কুমার জানিয়েছেন, সকলেই পাকিস্তানি।

মৃত্যু একেবারেই থমকে গিয়েছে ভারতে করোনার সংক্রমণ কমে মাত্র ৯৬, সুস্থতার হার উর্ধ্বমুখী

নয়াদিল্লি, ১৬ জুন : ভারতে করোনার দৈনিক সংক্রমণ একেবারে তলনিতে পৌছেছে, রয়েছে ১০০-র নিচেই। পাশাপাশি বিগত ২৪ ঘট্টায় দেশে করোনায কারও মৃত্যু। বৃহস্পতিবার সারাদিনে ভারতে নতুন করে করোনায সংক্রমিত হয়েছেন ৯৬ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ২,০১৭-তে পৌছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০০ শতাংশ করোনা-রোগী চিকিৎসারধীন রয়েছেন ভারতে। এবার মৃত্যু হয়েছে ৫,৩১,৮৯৩ জনের।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৫৯,৩৭২ জন।করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। বিগত ২৪ ঘণ্টায় টিকা পেয়েছেন ০০,৪৪৫ জন, মোট করোনার টিকা পেয়েছেন ২২০,৬৭,৩২,৩৮০ জন। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৫ জুন সারা দিনে ভারতে ৭৯,৪০৮ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল স্টেট করা হয়েছে।

নিরাপত্তা বলয়ে ঢুকে পড়ল বাইক, বড়সড় বিপদ থেকে রক্ষা পেলেন নীতীশ কুমার

পাটনা, ১৬ জুন : বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমারের নিরাপত্তা বলয়ে ঢুকে পাল বাইক আরোহী। গত বৃহস্পতিবার সকালে প্রচণ্ড গতিতে মুখ্যমন্ত্রীর দিকে মেয়েও আসে বাইকটি। প্রাণ বাঁচাতে কোনওমতে কুপাখে উঠে পানো মুখ্যমন্ত্রী। এই ঘটনার জেরে নীতীশের সুরক্ষা নিয়ে আবারও প্রশ্ন উঠেছে। ইতিমধ্যেই নিরাপত্তার দায়িত্বে থাকা আধিকারিকদের নিয়ে জরুরি বৈঠক শুরু হয়েছে।জানা গিয়েছে, প্রতিদিনের মতোই প্রাতঃভ্রমণ করতে বাড়ির সামনের রাস্তায় বেরিয়েছিলেন বিহারের মুখ্যমন্ত্রী। হাটার সময়েই আচমকা তাঁর সামনে জরুগতিতে চলে আসে একটি বাইক। সঙ্গে সঙ্গে ছুঁচপাথে উঠে পানো নীতীশ। একেবারে শেষ হয়েছে দুর্ঘটনা এখানে।কোনো বলই খবর। তবে বাইক আরোহীকে ধরে ফেলেন নিরাপত্তারক্ষীরা। ওই ব্যক্তি সম্পর্কে এখনও বিস্তারিত তথ্য জানা যায়নি।এই ঘটনার পরেই প্রশ্নের মুখে পড়ে মুখ্যমন্ত্রীর নিরাপত্তা ব্যবস্থা। ইতিমধ্যেই উচ্চ পর্যায়ের আধিকারিকদের নিয়ে একটি বৈঠক শুরু হয়েছে। মুখ্যমন্ত্রীর বাসগোয়ে পৌঁছেছেন পাটনার পুলিশ সুপারিটেন্ডেন্ট। বৈঠকে ডাকা হয়েছে এসএসজি কমান্ডার্টকেও। সকলের সঙ্গে দীর্ঘ বৈঠকে বসেছেন মুখ্যমন্ত্রী, এনএটিই জানা গিয়েছে। এই ঘটনার তদন্ত শুরু হয়েছে বলেই সূত্রের খবর।তবে এই প্রথমবার নয়। আগেও একাধিকবার নীতীশের সুরক্ষায় বড় মাপের ক্রটি দেখা দিয়েছে। কয়েকদিন আগেই মালা পরানোর অজহাতে মঞ্চে উঠে মুখ্যমন্ত্রীকে ধাক্কা মেরেছিল যুবক। এমনকি নীতীশের জনসভায় বোমা বিস্ফোরণের ঘটনাও ঘটেছে। খবরবার কেন মুখ্যমন্ত্রীর নিরাপত্তা বলয়ে এইভাবে কেউ ঢুকে পড়ছে, তা নিয়ে প্রশ্ন থেকেই যাচ্ছে।

ভারত-বাংলাদেশ সীমান্তে যুবকের দেহ উদ্ধার, খুনের অভিযোগ বিএসএফের বিরুদ্ধে

কোচবিহার, ১৬ জুন : কোচবিহারের মেখলিগঞ্জের ফুলকাবাদাড়াতে সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে এক ভারতীয় যুবকের মৃত্যু হয়েছে বলে অভিযোগ উঠেছে। মৃত যুবকের নাম গৌতম বর্মণ (২৮)। শুক্রবার কুচলিবাড়ি থানার পুলিশ নিহত যুবককে তার বাড়ি থেকে প্রায় দুই কিলোমিটার দূরে ভারত -বাংলাদেশ সীমান্ত এলাকা থেকে উদ্ধার করে।পরিবারের দাবি, বৃহস্পতিবার গভীর রাতে গৌতম বাড়ির কাছে মলত্যাগ করতে গেলে বিএসএফ তাকে আটক করে গুলি করে। পরে

কি লোমিটার দূরে ভারত -বাংলাদেশ সীমান্তে দেহ ফেলে দেওয়া হয়। নিহত যুবকের বাবা নিপেন বর্মণ জানান, গৌতম দীর্ঘদিন ধরে বাইরে কাজ করে। ভোটি দিতে সাত দিন আগে বাড়ি ফিরেছিলেন তিনি। তিনি টয়লেটে গিয়েছিলেন। এরপর রাত ১০টার দিকে গুলির শব্দ শোনা যায়।এরপর রাত থেকেই নিরাঞ্ছ ছিলেন তিনি। এদিন সকালে বাড়ি থেকে প্রায় দুই কিলোমিটার দূরে ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে তার ছেলের দেহ উদ্ধার করা হয়।বিএসএফের দাবি, গরু পানারের সয় যুবকরা বিএসএফের ওপর হামলা চালায়।

ডায়াসের নেতা হয়ে গেলেই সমস্যা, অভিষেককে তোপ দিলীপের

কলকাতা, ১৬ জুন : উনি সবসময় গেছেন যেখানে একটু কমজোর হয়েছে সেখানেই গেছেন। মালদায় গেছেন মেদিনীপুরে গেছেন, স্বাভাবিক হাত ধরে একটি শোখতে হয় ত্রিভূরীয় পঞ্চায়েতটা। কেউ যদি দেখে ভালো, ডায়াসের নেতা হয়ে গেলেই সমস্যা।বৃহস্পতিবার সকালে নিউটাউন ইকোপার্ক প্রাভঃভ্রমনে এসে বিজেপির সর্বভারতীয় সহ সভাপতি তথা সাংসদ দিলীপ ঘোষ অভিষেক বন্দ্যোপাধ্যায় সম্পর্কে এই মন্তব্য করেন। দিলীপবাবুকে সাংবাদিকরা প্রশ্ন করেন, নব জোয়ারে একদম শেষ দিনে অভিষেক-মমতা বন্দ্যোপাধ্যায় এক মঞ্চে? তার প্রতিক্রিয়া এই মন্তব্য করেন দিলীপবাবু। সেখানেই গেছেন। মালদায় গেছেন মেদিনীপুরে গেছেন, স্বাভাবিক হাত ধরে একটি শোখতে হয় ত্রিভূরীয় পঞ্চায়েতটা। কেউ যদি দেখে ভালো, ডায়াসের নেতা হয়ে গেলেই সমস্যা।বৃহস্পতিবার সকালে নিউটাউন ইকোপার্ক প্রাভঃভ্রমনে এসে বিজেপির সর্বভারতীয় সহ সভাপতি তথা সাংসদ দিলীপ ঘোষ অভিষেক বন্দ্যোপাধ্যায় সম্পর্কে এই মন্তব্য করেন। দিলীপবাবুকে সাংবাদিকরা প্রশ্ন করেন, নব জোয়ারে একদম শেষ দিনে অভিষেক-মমতা বন্দ্যোপাধ্যায় এক মঞ্চে? তার প্রতিক্রিয়া এই মন্তব্য করেন দিলীপবাবু।

দুরন্ত বার্তা

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা, ১৬জুন শনিবার, ১ আষাঢ় মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ ১৭জুনঃ ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ১ আষাঢ় মাস, চাত্র ৭ মঘসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাধ, ২৫৬৫ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ ১ আষাঢ় মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ১ আষাঢ়মাস ১৯৪৪, মৈতেঃ১১ শ্রীশ্রী অরপূনাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্ল পক্ষ/তিথিঃগুণমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৬৭৮৮ঃ৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫ঃ৮ঃ৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবিজিৎ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৬৭৬৮ঃ৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃভিতণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩০ পর্যন্ত, তারপর ১২ঃ ৫ঃ৩০ঃ থেকে - ০২ঃ৩০ঃ১৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০ঃ৩০ঃ৬ঃ২ থেকে - ০৬ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ২৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত।কুলিক বেলঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪ঃ৫২ পর্যন্ত।কুলিক রাত্রিঃ০৭ঃ ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ০ঃ০৫ পর্যন্ত।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত।কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ২২ থেকে - ১১ঃ০৮ঃ১৮ পর্যন্ত।কালরাত্রিঃ০৮ঃ৪৪ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত।গ্রহস্কট (সূর্য উদয় কালীনা)ঃরবিঃ১১ঃ২৪ঃ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫ঃ২০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫ঃ৩৫৯ (২৬) ২ পদবঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২১৯ঃ২২ (২৫) ৬ পদশুক্লঃ ১০৮১৭ঃ৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪ঃ৩০ (২৬) ১ পদরাহুঃ ১২২৭ঃ৫ (৬) ২ পদকেতুঃ ৭২২৭ঃ৫ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৮.২ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৯.০২এগ্রী সেল্টিফ্রেড ও (১) দিনের বেলায়। আঞ্চলিক আর্দ্রতা হবে ৮-২শতকরা এবং ৪৪শতকরা। বৃষ্টি হয়েছে শুক্রবার। জেয়ার- সকাল ১১ টা ২০ মিনিট এবং রাতঃ১১টা ২০মিনিট হবে। ভট্ট-সকলঃ-১১টা ২০মিনিট। রাতঃ-১১১টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৪ টা ৫৭মিনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৬ টা ১৬ মিনিটে ।

রাশিফল
মেঘরাশিঃ আনন্দদায়র সফর এবং সামাজিক জন্মোত্তে আপনাকে ভারমুক্ত এবং খুশি করে রাখবে। **বৃষভ রাশিঃ**অন্যদের সাথে খুশি ভাগ করে নেওয়ার মাধ্যমে শোহেদর বিকাশ ঘটেতে পারে। **মিথুন রাশিঃ**আজ স্বাস্থ্য সুদূর থাকবে। আপনি যদি একটি মসৃণ জীবনযাপন করতে চান এবং জীবনযাত্রার একটি স্থিতিশীল মান বজায় রাখতে চান তবে আপনার আর্থিক সম্পর্কে আপনার আজ মনোযোগী হওয়া জরুরী। বিবাহের যোগ হবে। **কর্কট রাশিঃ**আপনার শরীর রিজার্ভ করতে সম্পূর্ণ বিশ্রাম নিতে হবে অন্যথায় ক্লান্তি আপনার মধ্যে হতশাশর সৃষ্টি করবে। পরিশ্রমের বিরক্ত নই। **সিংহ রাশিঃ**সামাজিকতার ভয় আপনাকে বলহীন করে তুলতে পারে। এটি সরাতে আপনার আত্ম-স



দেশবন্ধু চিত্তরঞ্জন দাস এর মৃত্যু দিন উপলক্ষে কলকাতা পৌরসভার তরফ থেকে দেশবন্ধু চিত্তরঞ্জন দাস এর স্মৃতি সৌধ এ মালাদান করেন কলকাতার মহানাগরিক, এছাড়াও মালাদান করেন মাননীয় মেয়র পরিষদ (উদ্যান) ও কলকাতা পৌরসভার অন্যান্য আধিকারিক গন।

সুরনন্দন ভারতীর সাংস্কৃতিক সন্ধ্যা



দুরন্তবার্তা, ১৬ জুন : বাংলা গান নিয়ে চর্চা প্রায়শই হয়। স্বর্ণযুগের শিল্পীরা গানের মধ্যে দিয়ে কিভাবে সুরের পথকে অগ্রসর করেছেন সে সম্পর্কে বর্তমান প্রজন্মের শিল্পীরা তাদের পথকে অনুসরণ করে এগিয়ে চলেছে। বাংলা গানের বিবর্তন প্রসঙ্গে সুরনন্দন ভারতী ইন্দুমতী সভাগুণে এক আলোচনা সভার আয়োজন করা হয় । বক্তব্য রাখেন সংস্থার সর্বভারতীয় সম্পাদক স্বতীশ রঞ্জন চক্রবর্তী। বিশদভাবে আলোচনা করেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাধ্যক্ষ সৌতম নাগ। সঙ্গীত পরিবেশন করেন চিন্ময় দেব, মৌমণ ঘোষ এবং নিভা ব্যানাজীর পরিচালনায় খোয়াই সঙ্গীত নিকেতনের ছাত্রীবৃন্দ। অনুষ্ঠানে বাংলা গান নিয়ে রা পত্রিকার বিশেষ সংখ্যা প্রকাশিত হয়। পত্রিকায় লিখেছেন মীনাক্ষী বন্দ্যোপাধ্যায়, মোহিনী মোহন গঙ্গোপাধ্যায়, কার্তিক চন্দ্র মণ্ডল, স্বতীশ রঞ্জন চক্রবর্তী, রাজেশ্বর মিত্র, সঙ্গীতা প্রামাণিক, সৌরভ দত্ত ও জয়ন্ত রায় প্রমুখ বিশিষ্টজন।

হরিদেবপুরে পুকুর থেকে চিকিৎসকের দেহ উদ্ধার

দুরন্ত বার্তা, কলকাতা, ১৬ জুন : হরিদেবপুরের শিলপাড়া রামচন্দ্রপল্লি এলাকায় পুকুর থেকে এক চিকিৎসকের দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়াল। শুক্রবার সকালে ঘটনাটি ঘটেছে। পুলিশ জানিয়েছে, মৃতের নাম শৈলেন কুণ্ডু। তিনি দাঁতের চিকিৎসক(৬০)। কিন্তু সেভাবে গত কয়েক বছরে তাঁর আয় ছিল না। ওই চিকিৎসকের দেহ উদ্ধারের ঘটনা রহস্য দানা বেঁধেছে। আদৌ এটি খুন নাকি আত্মহত্যা, তা খতিয়ে দেখছে পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ওই চিকিৎসকের সঙ্গে তাঁর স্ত্রীয়ের সম্পর্ক ভাল ছিল না। মাঝেমধ্যেই বাড়িতে অশান্তি হত। প্রতিবেশীরাও সে কথা জানতেন। আদতে গত কয়েক বছরে ওই চিকিৎসকের আয় অনেকটাই কমে গিয়েছিল। ফলে সংসার চালানো কঠিন হয়ে যায়। আর সেই অনটন নিয়েই স্ত্রী তার সঙ্গে নিত্য অশান্তি করতেন বলে জানাচ্ছেন প্রতিবেশীরা। এমনকি মারধরও করতেন বলে অভিযোগ। শুক্রবার সকালে এলাকারই একটি পুকুরে দেহ ভেসে থাকতে দেখেন স্থানীয় বাসিন্দারা। প্রথমে দূর থেকে তাঁরা বুঝতে না পারলেও, ভাল করে দেখে তাঁরা শনাক্ত করেন। পরে খবর দেওয়া হয় হরিদেবপুর থানায়। পুলিশ গিয়ে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়।পুলিশ জিজ্ঞাসাবাদের জন্য তাঁর স্ত্রীকে আটক করেছে।

৩০ হাজারের বেশি গাড়িতে জিপিএস ট্র্যাকিং ডিভাইস লাগানোর কাজ শেষ

দুরন্ত বার্তা, কলকাতা, ১৬ জুন : রাজ্যে ৩০ হাজারের বেশি বাস ট্যাক্সিতে জিপিএস ট্র্যাকিং ডিভাইস লাগানোর কাজ শেষ হয়েছে। পরিবহন মন্ত্রী মেহাশীষ চক্রবর্তীর জানিয়েছেন একাধিক সংস্থার কাছ থেকে এই প্রযুক্তি কেনার সুযোগ মেলায় এর দাম কমেছে। আগে যেখানে একটি গাড়িতে এই প্রযুক্তি লাগতে ৮ থেকে ১০ হাজার টাকা খরচা হতো, এখন তা নেমে এসেছে ৫০০০ টাকায়। এর ফলে বাস ট্যাক্সি মালিকেরা নিজেদের গাড়িতে জিপিএস ট্র্যাকিং ডিভাইস লাগানোর ব্যাপারে উৎসাহিত হচ্ছেন। মন্ত্রী জানান, সমস্ত বাণিজ্যিক যাত্রীবাহী গাড়িতে আগামী ৩০ শে অক্টোবরের মধ্যে ওই প্রযুক্তি লাগানো বাধ্যতামূলক করা হয়েছে। এরপরেও কোন গাড়িতে তা না থাকলে সেই গাড়ি ৭ ফিটনেস সার্টিফিকেট পুনর্নবীকরণ করা হবে না। অবস্থান নির্ণয়ের প্রযুক্তির পাশাপাশি ওই যন্ত্রের সঙ্গে প্যানিক বট্টন থাকছে। যার ফলে যাত্রী বিশেষ করে মহিলারা বিপদের সময় ওই বোতাম টিপে বিপদ সংকেত দিতে পারবেন। পরিবহন দফতর সূত্রে জানা গেছে, জিপিএস প্রযুক্তি নির্ভর এই যন্ত্রের মাধ্যমে গাড়ির প্রতিমুহূর্তের অবস্থান এবং গতিবেগ জানা সম্ভব। এই ব্যবস্থার আওতায় প্রতিটি গাড়িতে প্যানিক বট্টনবসানো বাধ্যতামূলক। প্রাথমিক ভাবে সব যাত্রীবাহী বাস, মিনিবাস, হল্ডু ট্যাক্সি, অ্যাপক্যাব, স্কুলগাড়িসহ বিভিন্ন ভাণার গাড়িতে এই যন্ত্রবসানো বাধ্যতামূলক করা হয়েছে। গাড়িতে সফরের সময়ে কোনও যাত্রী বিপদে পড়লে তিনি নিজেই প্যানিক বট্টন টিপে সরাসরি কন্ট্রোল রুমের মাধ্যমে স্থানীয় থানায় বার্তা দিতে পারবেন। পথে কোনওদুর্ঘটনা ঘটলে যন্ত্র স্বয়ংক্রিয় ভাবে মাত্র আট সেকেন্ডের মধ্যে কন্ট্রোল রুমে বার্তা পাঠাবে। সেখান থেকে খবর পৌঁছবে স্থানীয় থানায়। এরজন্য কলকাতায় পোদার কোর্টে আধুনিক কন্ট্রোল রুম তৈরি করা হয়েছে। আরও দু’টি কন্ট্রোল রুম তৈরি হওয়ার কথা শিলিগুড়ি এবং আসানসোলো।

বসিরহাটের বিজেপি প্রার্থীর মনোনয়নের সময়সীমা বাড়ানোর নির্দেশ আদালতের

দুরন্ত বার্তা, বসিরহাট, ১৬ জুন : উত্তর ২৪ পরগণার বসিরহাটে বৃহস্পতিবার মনোনয়ন জমা দিতে যাওয়ার পথে বাধার মুখে পড়েন বিজেপি প্রার্থীরা। বসিরহাটে বিজেপির যে সকল প্রার্থীদের মনোনয়নে বাধা দেওয়া হয়েছিল, তাদের শুক্রবার মনোনয়ন দিতে নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। বিচারপতি অমৃতা সিনহা শুক্রবার তাদের মনোনয়ন জমা দেওয়ার নির্দেশ দেন। বিচারপতি নির্দেশ দেন, মনোনয়ন জমা দিতে যাওয়ার পথে তাঁদের নিরাপত্তা নিশ্চিত করবেন পুলিশ সুপার। এসডিও অফিসে আসতে হবে প্রার্থীদের। মনোনয়ন জমা দেওয়ার সময় শেষ হয়ে গিয়েছে। তবুও এসডিও অফিসে বিকাল তিনটোয় পৌঁছবেন তাঁরা। তার মধ্যে বিজেপির ৬৩ জন প্রার্থী মনোনয়ন জমা দেনেন। প্রসঙ্গত, বৃহস্পতিবার ছিল মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন। এদিন সন্দেশখালি ১ এবং ২, মিনাখা, ন্যাঙ্গাট এবং হাডোয়া, বসিরহাটের চারটি ব্লকের বিজেপি প্রার্থীরা সঙ্গে করে পুলিশ নিয়ে গিয়েও মনোনয়ন জমা করতে পারেননি বলে অভিযোগ। এই ৬৩ প্রার্থী বৃহস্পতিবার সকালেই নিরাপত্তার দাবিতে হাইকোর্টের দ্বারস্থ হন। আদালত তাঁদের পুলিশ নিরাপত্তা নিয়ে মনোনয়ন জমা দিতে যাওয়ার নির্দেশ দেয়। অভিযোগ ছিল, হাইকোর্টের নির্দেশ অনুযায়ী, তাঁরা পুলিশ নিয়ে মনোনয়ন জমা দিতে গিয়েও পারেননি। শুক্রবার এই মামলারই শুনানি ছিল বিচারপতি অমৃতা সিনহার বেঞ্চে। বিচারপতি নির্দেশ দেন, মনোনয়নের সময় বাড়িয়ে দেওয়া হোক। যারা মনোনয়নে বাধা পেয়েছেন, তাঁরা আবারও মনোনয়ন জমা দেওয়ার সুযোগ পাবেন। সঙ্গে এদিনও পুলিশ নিয়ে যাবে।

প্রার্থী পদ প্রত্যাহার করা না হলে বিজেপি প্রার্থী ও পরিবারকে প্রাণনাশের হুমকির অভিযোগ

দুরন্ত বার্তা, হাওড়া, ১৬ জুন : ২৪ ঘটীর মধ্যে প্রার্থী পদ প্রত্যাহার করা না হলে বিজেপি প্রার্থী ও তাঁর স্বামী সহ গোটা পরিবারকে প্রাণনাশের হুমকির অভিযোগে উঠলো হাওড়ায়। অভিযোগের তীর স্থানীয় এক তৃণমূল নেতার বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার রাতে হাওড়ার লিলুয়া থানার মায়েরআট এলাকায়। জানা গেছে সুপর্ণা সর্দার, ডোমজুড় বিধানসভার জগদীশপুর অঞ্চলের ৯২ নম্বর বুথ থেকে ভারতীয় জনতা পার্টির তরফ থেকে এবার গ্রাম পঞ্চায়েতের প্রার্থী হিসেবে বালি-জগাছা ব্লকে তাঁর মনোনয়ন জমা দিয়েছেন। অভিযোগ, তারপরেই বৃহস্পতিবার রাত একটা নাগাদ লিলুয়া জগদীশপুর অঞ্চলের স্থানীয় ওই তৃণমূল নেতা সুপর্ণার স্বামীকে ফোন করে সুপর্ণা বিজেপির প্রার্থী হওয়ার জন্য অশ্রাব্য ভাষায় গালিগালাজ করেন। শুধু তাই নয়, ২৪ ঘটীর মধ্যে প্রার্থী পদ প্রত্যাহারের জন্য ওই তৃণমূল নেতা প্রাণনাশের হুমকি

দেন বলেও অভিযোগ। সুপর্ণা দেবীর অভিযোগ, এর পাশাপাশি তাঁর পরিবারের লোকদেরে খুন করার হুমকি এবং ঘরবাড়ি জ্বালিয়ে দেওয়া হবে বলে শাসায় অতিুক্ত ওই তৃণমূল নেতা। এই ঘটনার পর সুপর্ণা সর্দার লিলুয়া থানায় অভিযোগ জানান। তিনি পুলিশকে

ভাঙড় থানার পাশে ভাঙা বাড়ি থেকে উদ্ধার তাজা বোমাবর্তি সাতটি ব্যাগ, নতুন করে চাঞ্চল্য

দুরন্ত বার্তা, ভাঙড়, ১৬ জুন : শান্তি ফিরছেই না দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ে। এবার ভাঙড় থানার পাশে ভাঙা বাড়ি থেকে উদ্ধার হল তাজা বোমাবর্তি সাতটি ব্যাগ। স্বাভাবিকভাবেই নতুন করে চাঞ্চল্য ছড়িয়েছে ভাঙড়তে। স্থানীয় সূত্রের খবর, বোমাবর্তি ওই সাতটি ব্যাগ প্রথমে এক গ্রামবাসীর নজরে আসে। পরে খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় ভাঙড় থানার পুলিশ। বোমাগুলি নিষ্ক্রিয় করার জন্য ইতিমধ্যেই সিআইডি’র বরফ স্কোয়াডের ডেকে পাঠানো হয়েছে। প্রসঙ্গত, পঞ্চায়েত নির্বাচনের মনোনয়ন পর্বকে কেন্দ্র করে গত কয়েক দিনে অশান্ত দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়। ভাঙড়ে



ছড়ায়। বিরোধীদের অভিযোগ, মনোনয়ন পর্বের শেষ দিনেও পুলিশের সামনেই অবাধে সন্ত্রাস চলে। রাজনৈতিক সংঘর্ষের জেরে বৃহস্পতিবার গভীর রাত পর্যন্ত তিন জনের প্রাণ গিয়েছে। তাঁদের মধ্যে

গরম আপাতত চলবে দক্ষিণবঙ্গে, ১৯-২১ জুন বর্ষা আসার সম্ভাবনা রয়েছে

দুরন্ত বার্তা, কলকাতা, ১৬ জুন : কলকাতাসহ গোটা দক্ষিণবঙ্গে আপাতত বিরাজ করবে গরম, পশ্চিমের জেলাগুলিতে চলবে তাপপ্রবাহ। কোথাও কোথাও থাকবে আর্দ্রতাজনিত অস্বস্তিও। আলিপুর অবহাওয়া দফতর সূত্রের খবর, আরও কয়েকটি দিন এই গরমের দাপট সহ্য করতে হবে দক্ষিণবঙ্গকে। ১৮ জুন পর্যন্ত দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় তাপপ্রবাহের পরিস্থিতি বজায় থাকবে। ফলে এই সময়ের মধ্যে অস্বস্তি আরও বাড়বে। আবহাওয়া দফতর জানিয়েছে, ১৮ জুন পর্যন্ত তাপপ্রবাহের মতো পরিস্থিতি সৃষ্টি হবে পূরুলিয়া, বীরভূম, বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব এবং পশ্চিম বর্ধমানো। দক্ষিণবঙ্গের



সেখানে বৃষ্টির পরিমাণ আরও বাড়বে বলে জানিয়েছেন আবহবিদরা। ১৯ জুন পর্যন্ত বৃষ্টির পরিমাণ বাড়বে উত্তরবঙ্গে। আপাতত ভারী থেকে অতি ভারী বৃষ্টি হবে আলিপুরদুয়ার এবং কোচবিহারের দু’এক জায়গায়। এ ছাড়াও ভারী বৃষ্টির সম্ভাবনা

জানান, তিনি এবং তার পরিবার এই ঘটনায় খুবই তীত সন্ত্রস্ত। তাঁরা পরিবার সহ প্রাণনাশের আশঙ্কায়

রয়েছেন। তাই যাতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয় এই কারণে তিনি লিলুয়া থানা সহ হাওড়ার পুলিশ কমিশনার, হাওড়ার জেলাশাসক এবং বালিজগাছা বিডিও’র কাছে অভিযোগ দায়ের করেছেন। অন্যদিকে, এর পাশাপাশি শাসক

দলের বিরুদ্ধে সিপিএম প্রার্থীকে প্রকাশ্যে হুমকির অভিযোগে উঠেছে হাওড়ার লিলুয়ার চামরাইলো। এই ঘটনায় অভিযোগ দায়ের হয়েছে লিলুয়া থানায়। পঞ্চায়েত ভোটে নাম প্রত্যাহার না করা হলে বাড়ি ভাঙচুর করা হবে বলে হুমকি দেওয়া হয় বলে অভিযোগ।

বাংলার মহিলা মুখ্যমন্ত্রী সম্পর্কে নক্কারজনক নোংরা টুইট, অভিযোগ দায়ের

দুরন্ত বার্তা, হাওড়া, ১৬ জুন : বাংলার মহিলা মুখ্যমন্ত্রী সম্পর্কে নক্কারজনক নোংরা টুইট, হাওড়ার সাইবার ক্রাইম থানায় অভিযোগ দায়ের। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সম্পর্কে সোস্যাল মাধ্যমে কুরুচিকর টুইট করার অভিযোগে নাগপুর নিবাসী সুনয়না হলের বিরুদ্ধে হাওড়া সিটি পুলিশের সাইবার ক্রাইম থানায় অভিযোগ দায়ের করা হলো। কলকাতা হাইকোর্টের আইনজীবী দেবলিনা ঘোষ দাস শুক্রবার দুপুরে হাওড়া সিটি পুলিশের সাইবার ক্রাইম থানায় আসেন এবং

বার ওনার বিরুদ্ধে এ ধরনের ডাউন করা হয় এটা আমাদের দাবি। অভিযোগ দায়ের হয়েছে। এর ওই মহিলাকে নাগপুর থেকে প্রেপ্তার



করে এখানে আনা হোক এটা আমরা চাই। ওনার বিরুদ্ধে আগেও বহুবার অভিযোগ দায়ের হয়েছে। উনি এর আগেও মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী এবং ওনার পরিবার সম্পর্কে টুইট করেছিলেন। ওনাকে আগেও প্রেপ্তার করা হয়েছিল। বর্তমানে সুনয়না’র বিরুদ্ধে ৩-৪টে মামলা চলছে। আমরা চাই আমাদের রাজ্য পুলিশ বিষয়টি নিয়ে হস্তক্ষেপ করুক। এবং মহারাষ্ট্র পুলিশের সঙ্গে সমন্বয় করে ওনাকে প্রেপ্তার করে এই বাংলায় নিয়ে আসা হোক। ওনার বিচার বা শাস্তি এখানেই হোক।

তৃণমূলের শীর্ষ নেতৃত্বের বৈঠক

দুরন্ত বার্তা, কলকাতা, ১৬ জুন : আসন্ন পঞ্চায়েত নির্বাচনে দলীয় প্রচার ও শেষ মুহূর্তে রণকৌশল নিয়ে আলোচনা করতে তৃণমূল কংগ্রেসের শীর্ষ নেতৃত্ব বৈঠকে বসতে চলেছে। দলের চেয়ারপারসন মমতা ব্যানার্জি এবং সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আগামীকাল দক্ষিণ কলকাতার কালীঘাটে দলনেত্রীর দলীয় বসন্তে বৈঠকে বসবেন বলে দলীয় সূত্রে জানা গিয়েছে। বৈঠকে পঞ্চায়েত নির্বাচনের জন্য গঠিত কমিটির সদস্যদের ও বিধায়ক, সাংসদদের উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

নির্বাচন কমিশনারকে চিঠি

দুরন্ত বার্তা, কলকাতা, ১৬ জুন : আসন্ন পঞ্চায়েত নির্বাচনে কর্তব্যরত সাংবাদিক ও চিত্র সাংবাদিকদের বাড়তি নিরাপত্তার দাবি জানিয়ে কলকাতা প্রেস ক্লাবের তরফে রাজ্য নির্বাচন কমিশনার রাজীবা সিনহা কে চিঠি দেওয়া হয়েছে। নির্বাচনের দিন ঘোষনার সঙ্গে সঙ্গে বিভিন্ন জায়গায় নির্বাচনের কাজে যুক্ত সাংবাদিক, চিত্র সাংবাদিকদের উপরে যে নিগ্রহের ঘটনা ঘটেছে চিঠিতে তার তীব্র নিন্দা করা হয়েছে। পেশাগত কারণেই সাংবাদিকদের বিভিন্ন জায়গায় যেতে হয় বলে তাদের নিরাপত্তা সম্পূর্ণ নিশ্চিত করার দাবি জানান হয়েছে।

তারকেশ্বরের বাজ পড়ে দুজনের মৃত্যু

দুরন্ত বার্তা, তারকেশ্বর, ১৬ জুন : বৃষ্টি থামার পর স্থানীয় বাসিন্দারা আহতেরে উদ্ধার করে তড়িঘড়ি তারকেশ্বর গ্রামীণ হাসপাতালে নিয়ে আসে। তবে শেষ রক্ষা হয়নি। তারকেশ্বরে বাজ পড়ে মৃত ২, গুরুতর জখম স্কুল ছাত্রসহ ২। কয়েকদিন আগেই বাজ পড়ে কলকাতায় মৃত্যু হয়েছিল দুজনের। বাজ পড়ে ছগুলির তারকেশ্বরে মৃত্যু হল ২ জনের। গুরুতর জখম আরও ২। শুক্রবার বিকালে তুমুল বৃষ্টি শুরু হয় জেলার নানা প্রান্তে। বৃষ্টি চলে পাৰ্শ্বরতী জেলাগুলিতেও। প্রায় আধ ঘটটার বেশি সময় ধরে তুমুল বৃষ্টি হয় তারকেশ্বরে। লাগাতার পড়তে থাকে বাজ। সেই সময় মাঠে কাজ করছিলেন তারকেশ্বরের মির্জাপুর এলাকার বাসিন্দা সুরজিৎ চৌধুরী, ভড়প্পুর এলাকার সনৎ দাস। আচমকা বাজ পড়ে তাঁদের উপর। মুহূর্তেই দুজনে অজ্ঞান হয়ে মাটিতে লুটিয়ে পড়েন। বৃষ্টি থামার পর স্থানীয় বাসিন্দারা দু’জনকে উদ্ধার করে তড়িঘড়ি তারকেশ্বর গ্রামীণ হাসপাতালে নিয়ে আসে। তবে শেষ রক্ষা হয়নি। চিকিৎসকরা তাদের মৃত বলে ঘোষণা করেন। অন্যদিকে সেই সময়েই আবার স্কুল থেকে বাড়ি ফিরছিলেন আশাংশ মাল্লা নামে মির্জাপুরের এক ছাত্র। তার উপরেও পড়ে বাজ। গুরুতর আহত অবস্থায় স্থানীয় বাসিন্দারা তাকে উদ্ধার করে তারকেশ্বর গ্রামীণ হাসপাতালে নিয়ে আসেন।



বৃহস্পতিবার হাওড়া শরৎ সদনে হিন্দুস্থান কালচার ফোরামের পক্ষে থেকে গুরু সম্মান প্রদান করা হয়, অনুষ্ঠানে মোট ১৪ জনকে গুরুসম্মানে সম্মানিত করা হয়। নিজস্ব চিত্র ।

কোচবিহারে বিএসএফের গুলিতে রাজবংশী যুবকের মৃত্যু

বনস্পতি দে, হুগলি,১৬ জুন : বিএসএফের নৃশংস অত্যাচারের আরও একটি ভয়ঙ্কর ঘটনা প্রকাশ্যে এল। বৃহস্পতিবার রাতে কেনও প্ররোচনা ছাড়াই ২৮ বছরের এক রাজবংশী যুবককে গুলি করে খুন করেন বিএসএফ সদস্যরা। নিহত যুবকের পরিবারের সদস্যরা একথা জানিয়েছেন।ঘটনার নিন্দা করে সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সভানেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, ২০২১ সালের বিধানসভা নির্বাচনের সময়, শীতলকুচিত্তে কেন্দ্রীয় বাহিনীর হাতে সংখ্যালঘু সম্প্রদায়ের চারজন এবং রাজবংশী সম্প্রদায়ের একজনকে হত্যা করা হয়েছিল। ঠিক বৃহস্পতিবার কোচবিহারে বিএসএফ আরও এক রাজবংশী যুবককে হত্যা করেছে। বিএসএফ যখন সাধারণ মানুষের উপর গুলি চালায় তখন কটা কেন্দ্রীয় দল পাঠানো হয়? নিহতের পরিবার সূত্রে জানা গিয়েছে, মেখলিগঞ্জের ফুলকা ডাবরি এলাকার বাসিন্দা গৌতম বর্মন বৃহস্পতিবার রাতে শৌচকর্ম সারতে বাড়ির বাইরে বেরিয়েছিলেন। সেই সময়েই বিএসএফ সদস্যরা তাঁকে গুলি করে খুন করেন। সবচেয়ে অমানবিক বিষয় হল, এই ঘটনার পর গৌতমের দেহ তাঁর বাড়ি থেকে প্রায় ২ কিলোমিটার দূরে টেনে নিয়ে যাওয়া হয়। পরিবারের সদস্যরা আরও অভিযোগ করেছেন, বিএসএফ নিহত যুবককে গরুপাচারকারী বলে মিথ্যা দাবি করছে। তাদের বক্তব্য, পাচারের সময় বাধা দেওয়ার ফলে দুই পক্ষের মধ্যে মুসোমুখি সংঘাত হয় এবং তাতেই ওই যুবকের মৃত্যু হয়। নিহত যুবকের বাবা নৃপেন বর্মন জানিয়েছেন, তার ছেলে ভিনারাজো শ্রমিকের কাজ করতেন এবং পঞ্চায়েত নির্বাচনে ভোট দেওয়ার জন্য সম্প্রতি বাড়ি ফিরেছিলেন। বৃহস্পতিবার এক আত্মীয়ের বাড়ি থেকে ফিরেই ফের বাড়ির বাইরে বেরিয়েছিলেন তিনি। সেই সময়েই বিএসএফ সদস্যরা তাঁকে লক্ষ্য করে গুলি করেন। নিহতের বাবার কথায়, “রাত ১০টা নাগাদ আমরা গুলির শব্দ শুনতে পেয়েছিলাম। পরে আমরা যখন গৌতমকে খুঁজতে বের হই, তখনই জানতে পারি যে আসলে তাঁকে লক্ষ্য করেই ওই গুলি চলেছিল।” এই প্রথম অমিত শাহের নেতৃত্বাধীন বিএসএফের অত্যাচারের সাক্ষী হলেন বাংলার মানুষ, তা কিন্তু নয়। প্রসঙ্গত, এই বাহিনী স্বরাষ্ট্র মন্ত্রকের নিয়ন্ত্রণাধীন। বিএসএফের অত্যাচারে আরও একটি নিদর্শন দেখা গিয়েছিল গতবছর। দিনহাটার বাসিন্দা প্রেমকুমার বর্মনকেও গুলি করে খুন করেছিলেন বিএসএফের জওয়ানরা।

স্বর্ণালী সন্ধ্যা মায়ার নৃত্যে



সৌরভ দত্ত, কলকাতা, ১৬ জুন : গিরিশ মঞ্চে অনুষ্ঠিত হল নৃত্যাদ্ধনার আঠাশতম বার্ষিক অনুষ্ঠান। ওড়িশি নৃত্যের রঙীন এক সন্ধ্যায় কৃষ্ণ সমারোহ উপস্থাপন করলেন গুরু পদ্মবিভূষণ কেলুচরণ মহাপাত্রার সূচোয়াছাত্রী এবং ’নৃত্যাদ্ধনার প্রধান মায়া ভট্টাচার্য্য। প্রভু জগন্নাথদেবের চরণে পুষ্পার্ঞ্জলি নিবেদনের মধ্য দিয়ে শুরু হয় অনুষ্ঠান। এরপর ’নৃত্যাদ্ধনার শিল্পীরা পরিবেশনায় করেন রবীন্দ্রবন্দীত সহযোগিতা দুটি নৃত্য। পরবর্তী ক্ষেত্রে ওড়িশি নৃত্যশৈলীর বিভিন্ন পর্যায় (মঙ্গলাচরণ, অভিনয়, চারি, পটদীপ পল্লবী, পদঅঙ্গ চারিকা, কৃষ্ণ মাধব) সুনিপুণ ভাবে তুলে ধরেন নৃত্যাদ্ধনার শিল্পীরা। সংস্থার পক্ষ থেকে স্বর্ধনার জানানো হয় কলকাতার ইসকন রাধাগোবিন্দ মন্দিরের উপাধ্যক্ষ এবং কলকাতা রথযাত্রা কমিটির প্রধান প্রভু অনঙ্গমোহন দাস এবং পাশাপাশি সম্মানিত করা হয় ওড়িশি নৃত্যজগতের শিল্পী রাজীব ভট্টাচার্য্য, কাকলি বোস, অর্ণব বন্দ্যোপাধ্যায়,সুবিকাশ মুখোপাধ্যায় এবং চিত্রশিল্পী পরিমল পালা। অনুষ্ঠানের শেষ পর্বে নির্বেদিত হয় নৃত্যনাট্য বাঁশীরা। মনোজ্ঞ এক অনুষ্ঠান উপভোগ করেন উপস্থিত দর্শকবৃন্দ।

বিনা চিকিৎসায় হাসপাতালে রোগী, ফ্লোভ বিজেপির

দুরন্ত বার্তা, সিউডি, ১৬ জুন : মনোনয়ন জমা দিতে গিয়ে শাসকদলের হাতে আক্রান্ত বিজেপি কর্মীরা। বিনা চিকিৎসায় হাসপাতালের বেড়ে পড়ে রয়েছেন আক্রান্তরা। হাসপাতালে গিয়ে সেই কথা শুনে মেজাজ হারান বিজেপির জেলা সভাপতি ধ্রুব সাহা। চিকিৎসকের দেখা না পেয়ে কর্তব্যরত নার্সদের সঙ্গে বাচসায় জড়িয়ে পড়েন। ঘটনাটি বীরভূমের সিউডি সদর হাসপাতালে। বৃহস্পতিবার মনোনয়নপত্র জমা দিতে যাওয়ার পথে শাসকদলের হাতে আক্রান্ত হন সাঁইখিয়া ৪ নম্বর মণ্ডল সভাপতি উৎপল হরি মণ্ডল সহ বেশ কয়েকজন বিজেপি কর্মী সমর্থক। সিউডি থানায় পুরন্দরপুর গ্রামে তৃণমূল পাটি অফিসের সামনে উপলব্ধ হরি মণ্ডলকে বেধড়ক মারধর করা হয় বলে অভিযোগ। মারধরের পর তাদের সিউডি সদর হাসপাতালে ভর্তি করা হয়। সন্ধ্যার দিকে হাসপাতালে চিকিৎসাধীন কর্মীদের দেখতে যান ধ্রুব সাহা, দলের রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায়, দুবরাজপুরের বিধায়ক অনুপ সাহা, বীরভূম লোকসভার কনভেনার উত্তম কুমার রজক ও জেলার সাধারণ সম্পাদক শ্যামসুন্দর গড়াই। হাসপাতালে গিয়ে আহতদের কাছে কথা বলে জানতে পারেন দু’ঘন্টা কোন চিকিৎসক আসেনি। এরপর নার্সি স্ট্রাসদের কাছে খোঁজ করেও চিকিৎসকের দেখা না পেয়ে মেজাজ হারান ধ্রুব সাহা। বাচসা চলাকালীন এক চিকিৎসক ছুটে আসেন। তার সঙ্গেও উত্তপ্ত বাক্য বিনিময় শুরু হয় বিজেপি নেতাদের। ধ্রুব সাহা বলেন, এই সরকারের আমলে স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছে। হাসপাতালের অধিকাংশ চিকিৎসক প্রাইভেট প্রাক্তিস করতে ব্যস্ত। আর হাসপাতালে চিকিৎসাধীন রোগীরা বিনা চিকিৎসায় কাতর হচ্ছে। তবে এই নিয়ে হাসপাতাল কর্তৃপক্ষের কোন বক্তব্য পাওয়া যায়নি।

মালদার রামকেলিতে বৈষ্ণব মেলা শুরু, ৫০৯ বছরের পুরানো উৎসব

দুরন্ত বার্তা, মালদা, ১৬ জুন : মালদার রামকেলিতে ৫০৯ বছরের প্রাচীন বৈষ্ণব মেলা শুক্রবার শুরু হয়েছে। চৈতন্যদেবের স্মৃতি বিজড়িত এই রামকেলি ধামে প্রতি বছর জ্যৈষ্ঠ মাসের সংক্রান্তিতে এই মেলা বসে। কথিত আছে রামচন্দ্র মিথিলা যাওয়ার পথে এই রামকেলিতেই কালিন্দী নদীর তীরে আমের স্বাদ গ্রহণ করে অভিভূত হন। পরে চৈতন্য দেব ধর্মের প্রচারে মথুরা যাওয়ার পথে এই গ্রামে তিনদিন অবস্থান করেন। তার এই আগমন উপলক্ষ্যে সেই থেকেই মেলার আয়োজন করা হচ্ছে। এদিন রামকেলিতে মদনমোহন মন্দিরের সামনে থাকা মহাপ্রভু চৈতন্যদেবের মূর্তিতে মালা পড়িয়ে ও পরে সাংস্কৃতিক মঞ্চে প্রদীপ জালিয়ে মেলার উদ্বোধন করা হয়। শুক্রবার বেলায় রামের লীড়োহন হতেই ভক্তদের ঢল নামে মেলা চত্বরে। এক সময় বাংলার রাজধানী ছিল গৌড়া। কথিত রয়েছে, তৎকালীন গৌড়ের বাদশা হুসেন শাহর আমলে মন্দি্রসভায় ছিলেন মহাবৈষ্ণব বলে পরিচিত রূপ ও সনাতন গোষ্মী। তারাই ১৫০৯ খ্রীষ্টাব্দে রামকেলিতে মদনমোহন মন্দির প্রতিষ্ঠিত করেছিলেন। তারা বৃন্দাবনের আদলে রামকেলিতে আটটি কুণ্ড বা পুকুরও খনন করেন এবং তাঁরা রামকেলিকে কার্যত বৃন্দাবনের রূপ দিতে চেয়েছিলেন। পরবর্তীতে রামকেলি ‘গুপ্ত বৃন্দাবন’ বলেও পরিচিতি লাভ করে। আর এই দুই মহাবৈষ্ণবের সঙ্গে দেখা করতে ১৫১৫ খ্রীষ্টাব্দের ১৫ জুন জ্যৈষ্ঠ সংক্রান্তিতে রামকেলিতে এসেছিলেন মহাপ্রভু চৈতন্যদেব। তাঁদের এই মিলন হয়েছিল মদনমোহন মন্দির সংলগ্ন কেলিকদম্ব ও তমাল গাছের তলে। মহাপ্রভু ও রূপ-সনাতনের এই মিলন দিনকে খিরেই রামকেলিতে উৎসব বা মেলা হয়ে আসছে। এ বার ৫০৯ তম বছর।

যাত্রী সুরক্ষার্থে “জন-জাগরণ” অভিযান নিয়ে সাংবাদিক সন্মেলন

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৬ জুন : ট্রেন যাত্রীদের সুরক্ষার কথা মাথায় রেখে “জন- জাগরণ” অভিযান করা হয় আজ এক সাংবাদিক সন্মেলন



করে জানান নিউ জল পাই গু ডি আরপিএফ এর আইসি এ কে খান। নিউ জলপাইগুড়ি আরপিএফ এর আই সি এ কে খান গত ১২ জুন নুতন ভাবে নিউ জলপাইগুড়ি স্টেশনের দায়িত্বভার গ্রহণ করেন। আজ এনজেলি আরপিএফ কাঁথালয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে পরিচিতির পাশাপাশি একাধিক প্রশঙ্গ তুলে ধরেন। ট্রেনে সফর করবার সময় অনেক সময় যাত্রীরা নানান সমস্যার সন্মুখীন হয়ে থাকে। সেই সমস্যা থেকে জন-জগরণ অভিযান এর মধ্য দিয়ে সমস্যা সমাধান করা হবে। এর পাশাপাশি এনজেলি স্টেশনের বাইরে পর্দিকং সমস্যা সমাধানের চেষ্টা করা হবে। আই সি এ কে খান যাত্রীদের উদ্দেশ্যে জানান, ট্রেনে সফর করবার সময় কারো কাছ থেকে কিছু খাবেন না, অচেনা কোনও ব্যক্তির থেকে কোনো বস্তু নেবেন না। এছাড়াও ট্রেনে কোনো নেশা করা যাবে না, কোন যাত্রী যদি নেশা করতে গিয়ে ধরা পরে তাহলে বড় অংকের জরিমানা করা হবে।

শিলিগুড়িতে আয়োজিত হল ই-বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে কর্মশালা

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৬ জুন : শহরবাসীকে ই-বর্জ্য সম্পর্কে সচেতন করতে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ এবং ওয়েস্ট বেঙ্গল ইলেকট্রনিক্স ইনস্টিটিউ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড - এর যৌথ উদ্যোগে শিলিগুড়িতে আয়োজিত হল ই-বর্জ্য ব্যবস্থানার নিয়ে কর্মশালা। মোবাইল ফোন, বৈদ্যুতিক বিভিন্ন যন্ত্রাংশ থেকে তৈরি হয় ‘ই-বর্জ্য’। সেই বর্জ্যকে পুনরায় ব্যবহার করার জন্য ব্যবহার উপযোগী করার প্রয়োজন রয়েছে। সেই সম্পর্কে শহরবাসীকে অবগত করতে শুক্রবার শিলিগুড়ির দীনবন্ধু মন্ড্রে এই কর্মশালার আয়োজন করা হয়। এই কর্মশালায় উপস্থিত ছিলেন শিলিগুড়ি মহকুমা শাসক প্রিয়াংকা সিং, দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের আধিকারিকেরা। শিলিগুড়ি ও পার্শ্ববর্তী এলাকার প্রযুক্তির সঙ্গে যুক্ত মানুষেরাও উপস্থিত ছিলেন। সাথেই বিভিন্ন কলেজ ছাত্র ছাত্রীরাও এই কর্মশালায় অংশগ্রহণ করে।

তিস্তায় হলুদ সতর্কতা জারি

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১৬ জুন : বর্ষার শুরুতেই আচমকা ফুলে ফেঁপে উঠল তিস্তা নদী। সিকিম পাহাড়ে রাতভর বৃষ্টিপাত হওয়ায় তিস্তা নদীর জল ক্রমশই বাড়ছে। দোমোহনি থেকে বাংলাদেশে সীমান্ত পর্যন্ত তিস্তার অসংরক্ষিত এলাকায় হলুদ সঙ্কেত জারি করেছে সেচ দপ্তর। এছাড়া জলপাইগুড়ি জেলার জলঢাকা ও ডায়না নদীতেও জল কিছুটা বাড়ছে বলে জানা গেছে। জলপাইগুড়ি সেচ দপ্তর সূত্রে জানা গেছে, তিস্তার জল বেড়ে যাওয়ায় দোমোহনি থেকে বাংলাদেশে সীমান্ত পর্যন্ত তিস্তার অসংরক্ষিত এলাকায় হলুদ সঙ্কেত জারি করা হয়েছে। বৃহস্পতিবার রাতে পাহাড় ও সমতলে ভারী বৃষ্টিপাতের জন্যই জল বেড়েছে তিস্তায়। তবে শুক্রবার ভোর থেকে বৃষ্টিপাতের পরিমাণ কম রয়েছে। জলপাইগুড়িতে যদিও আকাশে মুখ ভার হয়ে রয়েছে সকাল থেকেই। জলপাইগুড়িতে মেঘনা আকাশ থাকায় সকাল থেকে সূর্যের তেজ কম রয়েছে। যে কোনও মুহূর্তে আবার হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে বলে সেচ দপ্তর সূত্রে জানা গেছে। এদিকে তিস্তা নদীতে শুক্রবার সকাল থেকে জল বাড়তে থাকায় কপালে চিত্তার ভাঁজ পড়েছে তিস্তা পাড়ের বাসিন্দাদের। সেচ দপ্তরের ফ্লাড কন্ট্রোল রুম সূত্রে জানা গেছে শুক্রবার সকালে তিস্তা ব্যারাজে থেকে জল ছাড়া হয়েছে ১৬৪৭.৬৩ কিউসেক। পরবর্তীতে বেলা ১২ টা নাগাদ এই জল ছাড়ার পরিমাণ আরও বেড দাঁড়িয়েছে ৩১৭৩.৭৮ কিউসেক। জলস্তর আরও বাড়ার সম্ভাবনা রয়েছে বলে জানা গেছে। এদি ৮ টার রিপোর্ট অনুযায়ী সেচ দপ্তরের ফ্লাড কন্ট্রোল রুম সূত্রে জানা গেছে তিস্তা ব্যারাজ থেকে জল ছাড়া হয়েছে ২৪৫১.৬৯ কিউসেক।

নবদ্বীপে প্রচুর পরিমাণে গাঁজা উদ্ধার করল পুলিশ



দেবশীষ কংসবলিক, নবদ্বীপ, ১৬ জুন : শুক্রবার দুপুরে গোপন সূত্রে খবর পেয়ে মালঞ্চ পড়া গাবতলা এলাকায় একটি প্রাইভেট গাড়ির ভেতর থেকে প্রচুর পরিমাণে নিষিদ্ধ গাঁজা উদ্ধার করল জেলা পুলিশের সহযোগিতায় নবদ্বীপ থানার পুলিশ। অপরদিকে খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসেন কৃষ্ণনগর পুলিশ জেলার ডিএসপি ডিএন্ডটি এম রহমান। বিকেল প্রায় ৪ টে নাগাদ প্রাথমিকভাবে গাড়ি সহ চালককে আটক করে পুলিশ। পুলিশ সূত্রে জানতে পারা যায়,

শুক্রবার দুপুরে কৃষ্ণনগর পুলিশ জেলার ডিএসপি ডিএন্ডটি আর রহমানের নেতৃত্বে নবদ্বীপ থানার আই সি জেলেশ্বর তিওয়ারি সহ নবদ্বীপ থানার পুলিশের বিশেষ টিম একটি নিল রঙের সুইফ্ট ডিজার গাড়ির পেছনে ধাওয়া করে পুরসভার ১ নম্বর ওয়ার্ডের মালঞ্চপাড়া গাবতলা মাড়ে গাড়িটিকে আটক করে পুলিশ। পাশাপাশি তল্লাশি চালিয়ে গাড়ির ভেতরে পেছনের সিটের নিচে প্যাকেট বন্দি অবস্থায় বিপুল পরিমাণে নিষিদ্ধ গাঁজা উদ্ধার করে

পুলিশ। যার আনুমানিক বাজার মূল্য বেশ কয়েক লক্ষ টাকা। বিপুল পরিমাণে গাঁজা উদ্ধার প্রসঙ্গে নবদ্বীপ পুরসভার ১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর বৃন্দাবন মন্ডল বলেন, উদ্ধার হওয়া নিষিদ্ধ গাঁজা কোন জায়গা থেকে কোথায় নিয়ে আসা হচ্ছিল বা কোথায় নিয়ে যাওয়া হচ্ছিল তা এখনও পরিষ্কার নয়। তবে এর প্রকৃত মালিককে তা প্রকাশ্যে আসা দরকার। বিপুল পরিমাণে নিষিদ্ধ গাঁজা উদ্ধারের বিষয়ে কৃষ্ণনগর পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপার (গ্রামীণ) কুশানু রায় জানান, এদিন এক কুইন্টালেরও বেশি গাঁজা উদ্ধার করা হয়েছে। এত বিপুল পরিমাণ গাঁজা কোথা থেকে কোথায় যাচ্ছিল কিংবা এর প্রকৃত মালিককে তা তদন্ত করে দেখা হচ্ছে। এই ঘটনায় মালঞ্চ পাড়া গাবতলা এলাকায় ব্যাপক আলোড়ন সৃষ্টি হয়। স্থানীয় বাসিন্দাদের কথায় এত বিপুল পরিমাণ গাঁজা উদ্ধারের ঘটনা এই প্রথম চাঞ্চল্য করলেন তারা।

চোপড়ার ৮ টি গ্রাম পঞ্চায়েতের মোট ২১৭ টি আসনের একটিতেও প্রার্থী দিতে পারেনি বিরোধীরা, জয়ী তৃণমূল

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ১৬ জুন : মনোনয়ন শেষ হতেই দেখা গেল চোপড়ার ৮ টি গ্রাম পঞ্চায়েতের মোট ২১৭ টি আসনের একটিতেও প্রার্থী দিতে পারেনি বিরোধীরা। ফলত জয়ী শাসকদল। যদিও মনোনয়ন প্রত্যাহার পর্ব না মিটলে বিজয় উৎসবে রাজি নয় স্থানীয় নেতৃত্ব। মনোনয়ন পেশ শেষ হতেই দেখা যাচ্ছে, রাজ্যের একাধিক জায়গায় প্রার্থী দেয়নি বিরোধীরা। যদিও তাদের দাবি, দিতে দেওয়া হয়নি। যার জেছে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হচ্ছে শাসকদল। উত্তর দিনাজপুরের চোপড়া ব্লকের ৮ টি গ্রাম পঞ্চায়েতের মোট আসন সংখ্যা ২১৭। জানা গিয়েছে, একটি আসনেও প্রার্থী দিতে পারেনি বিরোধীরা। একই অবস্থা পঞ্চায়েত সমিতিতেও। জেলা পরিষদের আসন সংখ্যা ৩। এর মধ্যে জেলা পরিষদের ২ নম্বরে আসনে বিজেপির প্রার্থী শকুন্তলা সিংহ মনোনয়ন পেশ করেছেন। বাকি দুটি আসনে কোনও দলের প্রার্থী মনোনয়ন দেননি। ৩ নম্বর আসনে তৃণমূলের বিধায়ক হামিদুর রহমানের



মনোনয়ন পত্র দাখিল করনি, আর কেউ যাবেও না। তবে এখনই বিজয় উল্লাসে মাততে রাজি নন তৃণমূলের বিদায়ী পঞ্চায়েত সমিতির সভাপতি আজহারউদ্দিন। তিনি বলেন, আমরা নিয়ম মেনে স্কুটনি ও মনোনয়ন প্রত্যাহারের পরই বিজয় উৎসব করব।

জান্ধীপাড়ার ফুরফুরা গ্রাম পঞ্চায়েতে আসন সমঝোতা হল সি পি আই এম ও আই এস এফের মধ্যে

দুরন্ত বার্তা, হুগলি, ১৬ জুন : রাজ্যে জোট না হলেও আইএসএফ-এর আঁতু ডঘরে সিপিআইএম-এর সঙ্গে আসন সমঝোতা। পঞ্চায়েতে সিপিআইএম আইএসএফ জোট না হলেও হুগলির জান্ধীপাড়ার ফুরফুরা গ্রাম পঞ্চায়েতে হাত মেলাল দুই শিবির। এবার জান্ধীপাড়ার ফুরফুরা গ্রাম পঞ্চায়েতে আসন সমঝোতা হল সি পি আই এম ও আই এস এফের মধ্যে। ফুরফুরা গ্রাম পঞ্চায়েতের ২৯ টি আসনের মধ্যে সিপিআইএম ১৫ টি এবং আই এস এফ ১৪টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করবে বলে দলের ভরকে সিদ্ধান্ত। যদিও এই জোটে ভোটের কোন প্রভাব পড়বে না বলে দাবি তৃণমূলের গত বিধানসভা ভোটের আগে প্রথম আত্মপ্রকাশ করে আইএসএফ এবং তারপর থেকেই নয়া এই রাজনৈতিক দলটি চিত্তার কারণ হয়ে দাঁড়িয়েছে রাজ্যের শাসকদলের কাছে। কারণ সেই দলের প্রধান নওশাদ সিদ্দিকি ফুরফুরার স্নানামনা পীরজাদা। এই পরিচিতিকেই কাজে লাগিয়ে রাজ্যের শাসক দলের সংখ্যালাঘু ভোটচ্যাপ্কে খাবা বসিয়েছে নওশাদ সিদ্দিকির দল আই এসএফ। বিধানসভা ভোটের বাইরের সঙ্গে জোট বেঁধে লড়াই করে ভাঙড বিধানসভায় জয়লাভ করে আই এস এফ। যদিও বামেদের আশানুরূপ ফল হয়নি রাজ্যে। তাতেই আরও বেশি করে চোাখে পড়েছে আইএসএফ-এর সাফল্য। এরপর থেকে আস্তে আস্তে তাদের

তাই একের পিঠে এক প্রার্থী দিয়ে লড়াই করা হবে।’’ শ্রীরামপুর হুগলি সাংগঠনিক জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি অরিদ্দম গুহইন এই বিষয়ে জানান, ‘‘এতে কোন এক্ষেপ্ত পড়বে না। কারণ ওখানকার মানুষ আগেও তৃণমূলকে জিতিয়েছে। বামেরা তাদের নিজেদের প্রয়োজনে একাধিকবার বিভিন্ন দলের সঙ্গে জোট করেছে তাই এই জোটে কিছু লাভ হবেন না। মানুষ উন্নয়নের পক্ষে আছে, তৃণমূলের পক্ষে আছে।’’ সিপিআইএম দলের প্রার্থী গুলনাজাব্বা বেগম বলেন, ‘‘জোট করে লড়াই করলে এখানে ভালো হবে। কারন এখানে কোনদিনই আমরা উন্নয়নের সুবিধা পাইনি। আমরা জিতলে এলাকায় উন্নয়নে জোর দেব। উল্লেখ্য, ১৯৭৮ সাল থেকে ২০১৬ সাল অদি ফুরফুরা গ্রাম পঞ্চায়েত বামদের দখলে ছিল। ২০১৮ সালে ফুরফুরা গ্রাম পঞ্চায়েত বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়লাভ করে তৃণমূল। এবারে পঞ্চায়েতের ২৯ টি আসনে সিপিআইএম ও আইএসএফ আসন সমঝোতা করে লড়াইয়ে নেমেছে। সিপিআইএম হুগলি জেলার সম্পাদক দেবরত ঘোষ জানান, শাসকদলের বিরুদ্ধে ফুরফুরা ছাড়াও জান্ধীপাড়া ব্লকের মুন্সলিকা ও কোতুলপুর পঞ্চায়েত এলাকাতেও সিপিআইএম ও আইএসএফ আসন সমঝোতা হয়েছে। পাশাপাশি চন্ডীতলার আঁইয়া, ভগবতীপুর, নবাবপুর পঞ্চায়েতে আই এস এস ও কংগ্রেসের সঙ্গে আসন সমঝোতা হয়েছে।

মুর্শিদাবাদে খুন তৃণমূল নেতা গুলিবদ্ধ কংগ্রেস কর্মীও, ১২ ঘণ্টা নবগ্রাম বন্ধের ডাক শাসক দলের

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ১৬ জুন : পঞ্চায়েত ভোটের দিনক্ষণ ঘোষণার পর থেকেই অশান্ত রাজ্যের বিভিন্ন প্রান্ত, প্রাণহানির ঘটনাও ঘটেছে। এবার মুর্শিদাবাদে খুন হলেন এক তৃণমূল কংগ্রেস নেতা। গুলিবদ্ধ হয়েছেন কংগ্রেস কর্মীও। দলীয় কর্মী খুনের প্রতিবাদে ১২ ঘন্টা বনুধের ডাক দিয়েছে শাসক দল। ভোট প্রচারে গিয়ে দুর্ভুতীদের গুলিতে খুন হয়েছেন মুর্শিদাবাদের তৃণমূল অঞ্চল সভাপতি মোজাম্মেল হক (৪২)। বৃহস্পতিবার রাতে মুর্শিদাবাদের নবগ্রাম থানার পাঁচগ্রামের হজ বিবি ডাঙা এলাকায় ঘটনাটি ঘটে। মৃত নেতা সাহেবনগরের তৃণমূল অঞ্চল সভাপতি ছিলেন। গুলিবদ্ধ তৃণমূল নেতাকে উদ্ধার করে নবগ্রাম হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। অন্যদিকে, গুই এইকই এলাকায় কংগ্রেস প্রার্থী রমজান শেখের বাবাকে লক্ষ্য করেও গুলি চালানোর অভিযোগ উঠেছে। গুলিবদ্ধ কংগ্রেস কর্মীর নাম

তিন মাস বন্ধ থাকবে ডুয়ার্সের সব জঙ্গল



দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১৬ জুন : অন্যান্য জাতীয় উদ্যানের সাথে আজ অর্থাৎ ১৬ জুন থেকে পর্যটকদের জন্য ৩ মাসের জন্য বন্ধ হয়ে গেলো গরুমারা ও চাপরামারী অভয়ারণ্যও। আগামী ৩ মাস পর্যটকেরা জঙ্গলে ঢুকতে পারবেন না। মূলতঃ বর্ষার এই সময় বন্য জন্তুদের পর-প্রজন্মের সময়। এই সময় যাতে কোনোভাবেই ন্য্য জন্তুর বিরক্ত না হয় সেই কারণে প্রতিবছর ১৬ জুন থেকে জঙ্গলে প্রবেশ পর্যটকদের জন্য বন্ধ করে দেওয়া হয়। তিন মাস বন্ধ থাকার পর পূজোর আগে ফের একবার খুলবে জঙ্গল। অনেক পর্যটক জঙ্গল বন্ধের খবর না জানার জন্য, বন্ধের দিনে মূর্তি থেকে জঙ্গলে যাওয়ার জন্য পর্যটকদের ভিড় ছিল ভালোই। মূর্তি টিকিট কাউন্টার থেকে টিকিট কাঁতে আসেন বহু পর্যটক। মূর্তি থেকে চাপরামারী সহ অন্যান্য নজর মিনার যাওয়ার জন্য পর্যটকরা এদিন আসেন।পর্যটন ব্যাবসায়ী শেখ জিয়াউর রহমান বলেন,তিন মাস জঙ্গল বন্ধ থাকলেও পর্যটকরা ডুয়ার্সে আসতে পারেন। বর্ষায় ডুয়ার্স আরো সুন্দর হয়ে ওঠে। ডুয়ার্সের বিভিন্ন অকবিট জায়গা গুলোকে বর্ষায় পর্যটকরা উপভোগ করতে পারেন।

দিদি তৃণমূল প্রার্থী হওয়ায় দুই ভাইয়ের উপর বোমা ছুঁড়লো কংগ্রেস

দুরন্ত বার্তা, বোলপুর, ১৬ জুন : দিদি তৃণমূল প্রার্থী হওয়ায় কোপ পড়লো দুই ভাইয়ের উপর। কংগ্রেস নেতা কাজি নুরুল হোসার সাঙ্গপাঙ্গরা বোমা ছুঁড়ে মারলো তাঁর দুই সম্পর্কিত ভাইয়ের উপর। ঘটনাটি ঘটেছে শান্তিনিকেতন থানার অন্তর্গত রূপপুর অঞ্চলের লোহাগড় গ্রামে। আহত দুই ভাইয়ের নাম জুলফিকার সেখ ও সেখ আনোয়ার ওরফে নিলু। বৃহস্পতিবার ছিল মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন। এদিন বোলপুর ব্লক অফিসে মনোনয়নপত্র জমা দিতে যাওয়ার সময় শ্রীনিকেতন বাজারে কংগ্রেসের কাজি নুরুল হোদা তৃণমূল কর্মীদের সাথে বাচসায় জড়ান। যার জের পড়ে এদিনের ঘটনায়। রূপপুর অঞ্চলের তৃণমূল কংগ্রেসের পর্যবেক্ষক বাবু দাস বলেন, দিদির মনোনয়নপত্র জমা দেওয়ার পর, জুলফিকার সেখ ও সেখ আনোয়ার জোটের চক্ষুশূল হয়। বৃহস্পতিবার দলের অন্য প্রার্থীদের মনোনয়ন সেবে বাড়ি ফিরে পুরুষ স্নান সেবে ঘর ফিরছিল। সেই সময় অতর্কিতে বোমা নিয়ে আক্রমণ করে কাজি নুরুল হোসার লোকজন। তারা চাইছে গ্রাম দখল করতে। গ্রাম পঞ্চায়েত প্রার্থী এরিনা খাতুন বলেন, বুধবার আমি তৃণমূল প্রার্থী হিসেবে মনোনয়নপত্র দাখিল করার পর আমাকে ফোনে হুমকি দেওয়া হচ্ছে। বলা হচ্ছে আমরা বাচ্চাকে কিডন্যায় করা হবে। স্বামীকে খুন করা হবে। কাজি নুরুল হোসার দুই ছেলে সোলাপ ও অস্ত্র এরে সঙ্গে যুক্ত। ওরা আমারা বাড়ি আক্রমণ করার প্লান করে। ওরা শুধু বোমাবর্ষণ করছে। এই দুই তৃণমূল কর্মী আমার দাদা। আমি প্রার্থী হয়েছি তাই এই দুঃজন সহ মোট তিনজনের উপর এই আক্রমণ করেছে। জানা গেছে, বোমার স্পিষ্টারে আঘাত লেগেছে পেট, বুক ও পায়ে। তাদের বোলপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। কিন্তু তাদের পাও বাদ যেতে পারে। এমন গুরুতর আঘাত হওয়াই এই দুই আহতকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। ঘটনায় আরও একজন তৃণমূল কর্মী আহত হয়েছে বলে সূত্রের খবর। ঘটনাস্থলে মোতায়েন রয়েছে বিশাল পুলিশ বাহিনী।

উত্তর পূর্ব রেলের বারাণসী বিভাগে রেল প্রশাসন ব্লক নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে

গোরক্ষপুর, ১৬ জুন : আউরিহর-ভাটনি রেল সেকশনে আউরিহর-সাদত স্টেশনগুলির মধ্যে প্রাক-নন-ইন্টারলক এবং নন -ইন্টারলক এবং প্যাচ ডাবলিংয়ে কাজের জন্য বারাণসী বিভাগের আউরিহর স্টেশনে ইয়ার্ড রিমডেলিং কাজের জন্য রেল প্রশাসন ব্লক নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। ট্রেন বাতিল, রুট পরিবর্তন, শট টিমিশেশনশট অরিজিনেশন, পুনঃনির্ধারণ এবং নিয়ন্ত্রণ নিয়ন্ত্রণ করা হবে। বাতিলকরণ-০৫১৩৩। ০৫১৩৪ আউরিহর-জৌনপুর- আউরিহর এক্সপ্রেস ট্রেনটি এই ৩০ ১১ জুন, ২০২৩-এ চলবে।



KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER	
ABRIDGED NIT	
The Executive Engineer (Civil), BR-I, KMC invites tender online percentage rate two bid system for the following works: (1) NIT No. : KMC/EEC/I/006/09/2023-2024/BS Name of the work: Improvement of Bustee privy at 1/2/H/1, R.P. Road and other places in Ward No.-006. Estimated cost (including GST & CESS): ₹ 1,99,954.00. Earnest money: ₹ 4,000.00. Period of completion: 30 days. (2) NIT No. : KMC/EEC/I/006/11/2023-2024/BS Name of the work: Maintenance of drainage system at 1/2A/H/21, 6/2J, etc. C.P. Road Bustee, 1/H/29, 1/H/91, etc. G.B. Lane Bustee and other Bustee area in Ward No.-006. Estimated cost (including GST & CESS): ₹ 2,99,727.00. Earnest money: ₹ 6,000.00. Period of completion: 30 days. (3) NIT No. : KMC/EEC/I/009/04/2023-2024 Name of the work: Restoration of IPS passages at 6, 8, Nandaram Sen Street, 6, 7, Nayan Sur Lane and other places in Ward No.-009. Estimated cost (including GST & CESS): ₹ 4,82,386.00. Earnest money: ₹ 10,000.00. Period of completion: 30 days. (4) NIT No. : KMC/EEC/I/003/08/2023-2024/BS Name of the work: Desilting of sewer line at Chock Bazar, 1/2, 1/3, J.K. Ghosh Road, 83E, Belgachia Road Bustee with adjoining area in Ward No.-003. Estimated cost (including GST & CESS): ₹ 1,97,458.00. Earnest money: ₹ 4,000.00. Period of completion: 21 days. (5) NIT No. : KMC/EEC/I/004/05/2023-2024/BS Name of the work: Improvement of Bustee privy at 21/H/3, 21/H/10, etc. Dum Dum Road Mitra Bagan Bustee area in Ward No.-004. Estimated cost (including GST & CESS): ₹ 4,84,954.00. Earnest money: ₹ 10,000.00. Period of completion: 30 days. (6) NIT No. : KMC/EEC/I/004/07/2023-2024/BS Name of the work: Repairs to I.P.S. passages at 3H/11, 3H/19, 3H/23, etc. Tarini Charan Ghosh Lane and other Bustee area in Ward No.-004. Estimated cost (including GST & CESS): ₹ 1,99,452.00. Earnest money: ₹ 4,000.00. Period of completion: 21 days. (7) NIT No. : KMC/EEC/I/006/05/2023-2024/BS Name of the work: Replacement of broken door of sanitary latrine with other ancillary works at 11/A, 12B, Lockgate Road, 10/1, 14/1, K.C. Road and other Bustee area in Ward No.-006. Estimated cost (including GST & CESS): ₹ 2,99,517.00. Earnest money: ₹ 6,000.00. Period of completion: 30 days. Last date and time of submission of bid: 01.07.2023 (Up to 11 a.m.) (For Sl. No. 1 to 7). Tender will be opened on: 03.07.2023 (11 a.m.) (For Sl. No. 1 to 7). The bid forms and other details are available on and from 16.06.2023 at 5 p.m. from the website https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 7).	The Executive Engineer (Civil), BR-VII, KMC invites tender online percentage rate two bid system for the following works: (1) NIT No. : KMC/EEC/VII/56/13/23-24/R Name of the work: Patch repairing of paver block footpath near 1, Convent Lane and 4A, R.N.C. Road and its surroundings in Ward No.-56. Estimated cost (including GST & CESS): ₹ 2,46,212.16. Earnest money: ₹ 5,000.00. Period of completion: 60 days. (2) NIT No. : KMC/EEC/VII/65/5/23-24/R Name of the work: Restoration of road and passage (disturbed by W/S Department) at 80, Tiljala Road, 11, 3, 2, Picnic Garden Road and its surrounding area in Ward No.-65. Estimated cost (including GST & CESS): ₹ 4,78,410.97. Earnest money: ₹ 9,600.00. Period of completion: 45 days. Last date and time of submission of bid: 24.06.2023 up to 12 noon (For Sl. No. 1 & 2). Tender will be opened on: 26.06.2023 at 12 noon (For Sl. No. 1 & 2). The bid forms and other details are available on and from 15.06.2023 at 6.55 p.m. from the website https://etender.wb.nic.in (For Sl. No. 1 & 2).
The Executive Engineer (Civil), BR-III, KMC invites online item rate tenders under two bid system for the following works: (1) NIT No. : KMC/EE-III/13/1/23-24 (1st Call) Name of the work: Repair of passage at 20/19 K.M. Road, 8/2, 8/1 G.D.G. Lane, 11/3 Canal Circular Road and different places in Ward No.-13 disturbed by W/S Department. Estimated cost: ₹ 2,65,665.02. Earnest money: ₹ 5,500.00. Period of completion: 30 days. (2) NIT No. : KMC/EE-III/13/3/23-24 (1st Call) Name of the work: Repair of passage and road surface at 8/1 G.D.G. Lane, 16/K J.D. Lane and different places in Ward No.-13 disturbed by W/S Department. Estimated cost: ₹ 2,93,739.92. Earnest money: ₹ 6,000.00. Period of completion: 30 days. Last date and time of submission of bid: 23.06.2023 up to 12 noon (For Sl. No. 1 & 2). Date and time of opening of tender: 26.06.2023 on or after 12 noon (For Sl. No. 1 & 2). The bid forms and other details shall be available on and from 16.06.2023 (5 p.m.) from the website https://etender.wb.nic.in (For Sl. No. 1 & 2).	The Executive Engineer (Civil), BR-XV, KMC invites tender online percentage rate two bid system for the following works: (1) NIT No. : KMC/EE(C)/BR-XV/1125/006/23-24/BUSTEE Name of the work: Construction of sanitary latrine at sium area of Anandaganar in Ward No.-125. Estimated cost (including GST & CESS): ₹ 3,97,205.66. Earnest money: ₹ 8,000.00. Period of completion: 30 days. (2) NIT No. : KMC/EE(C)/BR-XV/125/011/23-24 Name of the work: Desilting of surface drain at Sarada Park, 2 No. Bacharpura Road near Ashok Smriti Sangha Club in Ward No.-125. Estimated cost (including GST & CESS): ₹ 2,98,966.88. Earnest money: ₹ 6,000.00. Period of completion: 30 days. (3) NIT No. : KMC/EE(C)/BR-XV/142/008/23-24/BUSTEE Name of the work: Construction of C.C. road at Hazrapara (sium area) near Premises No. 47/43 in Ward No.-142. Estimated cost (including GST & CESS): ₹ 3,96,515.84. Earnest money: ₹ 8,000.00. Period of completion: 30 days. (4) NIT No. : KMC/EE(C)/BR-XV/142/006/23-24/BUSTEE Name of the work: Construction of surface drain at Ananda Pally (sium area) near Premises No. 27/1 in Ward No.-142. Estimated cost (including GST & CESS): ₹ 3,98,573.30. Earnest money: ₹ 8,000.00. Period of completion: 30 days. Last date and time of submission of bid: 26.06.2023 - 12 noon (For Sl. No. 1 to 4). The tender will be opened on: 28.06.2023 - 12 noon (For Sl. No. 1 to 4). The bid forms and other details are available on and from 17.06.2023 (5 p.m.) from the website https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 4).
CORRIGENDUM NIT Nos. (1) KMC/EEC/VII/66/5/23-24/R (2) KMC/EEC/VII/66/4/23-24/R published in this Newspaper on 29.05.2023 (Key No. 192/23-24) of Engineering (Civil), Borough-VII Department (Sl. No. 1 and 4). The last date & time of submission of bid will be read as 22.06.2023 at 12 noon instead of 10.06.2023 at 12 noon and Tender will be opened on will be read as 24.06.2023 at 12 noon instead of 12.06.2023 at 12 noon. Other terms and conditions will remain unchanged (For Sl. No. 1 and 2). (295/23-24)	
The Executive Engineer (Civil), BR-V, KMC invites tender online percentage rate two bid system for the following work: NIT No. : KMC/EE(C)/Br-V/041/02/2023-2024 Name of the work: Repairing of concrete passage at Jagabandhu Baral Lane cutting by W/S Department in Ward No.-41. Estimated cost (including GST & CESS): ₹ 3,77,968.55. Earnest money: ₹ 7,600.00. Period of completion: 30 days. Last date and time of submission of bid: 26.06.2023 - 11 a.m. Date and time of opening of tender: 28.06.2023 - 11 a.m. The bid forms and other details are available on and from 16.06.2023 (5 p.m.) from the website https://etender.wb.nic.in	

